

# জীবনধারণের এক নতুন উপায়

## খ্রীষ্টকে গ্রহণ করার অর্থ বোঝা

জয়েস মায়ার

*নিউ ইয়র্ক টাইমস্‌-এর ১ নম্বর সব থেকে বিক্রিত বইয়ের লেখিকা*

# জীবনধারণের
# এক নতুন উপায়

# জীবন ধারণের এক নতুন উপায়

## খ্রীষ্টকে গ্রহণ করার অর্থ জানা

জয়েস মায়ার

JOYCE MEYER MINISTRIES®

Nanakramguda, Hyderabad - 500 008

If you purchase this book without a cover you should be aware that this book may have been stolen property and reported as "unsold and destroyed" to the publisher. In such case neither the author nor the publisher has received any payment for this "stripped book."

Unless otherwise indicated, all Scripture quotations are taken from THE AMPLIFIED BIBLE: Old Testament. Copyright © 1962, 1964 by Zondervan Publishing House (used by permission); THE KING JAMES VERSION; and from THE AMPLIFIED NEW TESTAMENT. Copyright© 1958 by the Lockman Foundation (used by permission).

The author would like to acknowledge that the story used in chapter 3, on pages 11-13 is on original sermon illustration by Dr. Monroe Parker and is used by permission of Gospel Projects Press,
P.O. Box 643, Milton, FL 32572: copyright 1977.
www.childrensbibleclub.com

Copyright © 2014 by Joyce Meyer Ministries - Asia

All rights reserved. No part of this publication may be reproduced, distributed, or transmitted in any form or by any means, or stored in a database or retrieval system, without the prior written permission of Joyce Meyer Ministries - Asia.

Joyce Meyer Ministries - Asia
Nanakramguda, Hyderabad - 500 008
Phone: +91-40-2300 6777
Website: www.jmmindia.org

A New Way of Living - Bengali (R1/2014)
*Understanding What It Means to Accept Christ*

*Printed at:*
Caxton Offset Pvt. Ltd.
Hyderabad - 500 004

# সূচীপত্র


| | | |
|---|---|---|
| 1. | সবচেয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত যা আপনি কখনও নেন নি | 1 |
| 2. | আমরা সকলে পাপ করেছি | 5 |
| 3. | এখন আত্মসমর্পণের সময় | 10 |
| 4. | জীবন যাপনের নতুন উপায় | 16 |
| 5. | চিন্তা করার এক নতুন পথ | 24 |
| 6. | কথা বলার নতুন পথ | 30 |
| 7. | আপনার নিজের দিকে  তাকাবার এক নতুন পথ | 34 |
| 8. | ভয়ের বিনিময়ে বিশ্বাস | 39 |
| 9. | জীবন উপভোগ করুন | 43 |
| | পরিত্রাণের এক প্রার্থনা | 46 |
| | ব্যবহার্য্য সংস্থানের জন্য সুপারিশ | 47 |

## ১ম অধ্যায়

# সবচেয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত যা আপনি কখনও নেন নি

আপনি কি আপনার জীবন নিয়ে অসন্তুষ্ট? যদি তা হয়, তবে আপনি একা নন। অসংখ্য মানুষ ক্লান্ত, চরম পরিশ্রান্ত, শূণ্য, এবং অপূর্ণ। কেউ কেউ ধর্ম পালনের চেষ্টা করেছে এই আশায় যে উপায়ে তারা অনুভব করে তার একটা সমাধান পাবে, সেখানে পেয়েছে কেবলমাত্র জীবনবিহীন এবং অযৌক্তিক, নিয়মের বোঝা যারা তা রাখতে পারে নি। আপনিও যদি ধর্ম পালনের চেষ্টা করে থাকেন, তার মানে নয় যে আপনি আপনার শূণ্য, হতাশ গ্রস্ত, দোষী-মনোভাবের জীবনের সমাধানের জন্য ঈশ্বরকে চেষ্টা করেছেন।

আপনার যদি ভালবাসা অনুভব করার প্রয়োজন হয়, আপনার যদি বন্ধুর প্রয়োজন হয়, আপনার যদি পাপের ক্ষমা পাওয়ার প্রয়োজন হয়, এবং আপনার যদি এক ভবিষ্যতের প্রয়োজন হয় ... যীশু খ্রীষ্ট আপনার উত্তর। তিনি আপনাকে এক নতুন জীবন দিতে এবং আপনাকে স্থায়ীভাবে এক নতুন সৃষ্টি করতে অপেক্ষা করছেন।

আপনি হলো আপনার জীবন নিয়ে সন্তুষ্ট না হন, তবে আপনার অবশ্যই কোন কিছু পরিবর্তন করা দরকার। আমরা যা সবসময় করে এসেছি সেই একই জিনিস যদি করতেই থাকি, তবে আমাদের যে জীবন সর্বদা ছিল সে জীবনই থাকবে। আপনাকে অবশ্যই একটা সিদ্ধান্ত নিতে হবে, আর তা সবচেয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত যা আপনি কখনও নেন নি।

এই সিদ্ধান্ত আপনার বৃত্তিজীবন মনোনয়ন, কোন কলেজে আপনি যোগদান করবেন, কাকে আপনি বিয়ে করবেন, কিভাবে আপনার অর্থ বিনিয়োগ করবেন, অথবা কোথায় আপনি বাস করবেন তার চেয়ে আরও গুরুত্বপূর্ণ। এই সিদ্ধান্ত অনন্তকাল সম্বন্ধে। অনন্তকাল সেই সময় যার কোন শেষ নেই, আর আমাদের প্রত্যেকের জানা দরকার কোথায় আমরা তা কাটাব। মৃত্যুর পর জীবন আছে। আপনি যখন মারা যান, আপনার অস্তিত্ব শেষ হয়ে যায় না, আপনি অন্য জায়গায় আপনার অস্তিত্ব শুরু করতে থাকেন। এ কথা বলা হয়েছে যে মৃত্যু অনেকটা এক ঘুরানো দরজার মধ্যে দিয়ে যাওয়া। আপনি সাধারণভাবে এক জায়গা পরিত্যাগ করে আর এক জায়গায় যান।

আপনি কি এখানে পৃথিবীতে ঈশ্বরের সাথে এক সম্পর্ক স্থাপন করতে এবং অনন্তকালে তাঁর সাথে বাস করতে চান? যদি তাই চান, তবে আপনাকে আপনার পরিত্রাতা হিসাবে যীশু খ্রীষ্টকে গ্রহণ করা প্রয়োজন। আমরা সবাই পাপ করেছি এবং আমাদের সকলের এক পরিত্রাতা প্রয়োজন। ঈশ্বর আমাদের পাপের শাস্তির মূল্য দিতে তাঁর একমাত্র পুত্রকে পাঠিয়েছিলেন। তিনি ক্রুশে বিদ্ধ হয়েছিলেন এবং আমাদের ভুল কাজের মূল্য হিসাবে তাঁর নির্দোষ রক্ত পাতিত করেছিলেন। তিনি মরেছিলেন এবং কবরস্থ হয়েছিলেন, কিন্তু তিন দিনের দিন মৃত থেকে জীবিত হয়ে উঠেছিলেন এবং এখন স্বর্গে, পিতা ঈশ্বরের ডান পাশে উপবিষ্ট আছেন। শান্তি, আনন্দ, পেতে এবং ঈশ্বরের সাথে ঠিক সম্পর্ক রাখতে তিনি আপনার একমাত্র আশা।

আমাদের পাপ থেকে রক্ষা পেতে, বাইবেল শিক্ষা দেয় যে আমাদের স্বীকার করা এবং জানা আবশ্যক যে যীশুই প্রভু, এবং আমাদের অন্তরে বিশ্বাস করা আবশ্যক যে ঈশ্বর তাঁকে মৃত থেকে জীবিত করে তুলেছেন।

> যদি তুমি যীশুকে প্রভু বলে মুখে স্বীকার কর এবং অন্তরে বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁকে মৃত্যু থেকে জীবিত করে তুলেছেন তবেই তুমি পাপ থেকে উদ্ধার পাবে - রোমীয় ১০:৯

এই প্রকারের বিশ্বাস মানসিক স্বীকৃতির চেয়ে আরও ভাল স্বীকৃতিলাভ, তা বিশ্বস্ত এবং আন্তরিক। অনেক লোক বিশ্বাস করে ঈশ্বর আছেন, কিন্তু তারা তাঁর কাছে

নিজেদের জীবন সমর্পণ করে নি। ঈশ্বর আমাদের জীবনের কর্তা, এবং তিনি চান আপনি ইচ্ছাকৃতভাবে এবং আনন্দসহকারে তাঁকে আপনার জীবন ফিরিয়ে দিবেন। ঈশ্বর আপনাকে স্বাধীন ইচ্ছা দিয়ে সৃষ্টি করেছেন এবং তিনি আপনাকে তাঁকে মনোনীত করতে জোর করবেন না। কিন্তু আপনি তা করবেন কি করবেন না তা আপনি এখানে পৃথিবীতে যে জীবন কাটান সেই জীবনের শ্রেষ্ঠতার পার্থক্য তৈরী করবে, এবং তা সিদ্ধান্ত নেবার উপর নির্ভর করবে যে আপনি যখন মারা যাবেন তখন কোথায় অনন্তকাল কাটাবেন।

আপনার জীবন চালাবার জন্য এক ভাল কাজ কি আপনি করেছেন? যদি না করেন, তবে কেন তা একজনের দিকে ঘুরিয়ে দিচ্ছেন না যিনি আপনাকে সৃষ্টি করেছিলেন এবং আপনার বিষয়ে যিনি আরও বেশী জানেন যা আপনি নিজে কখনও জানবেন না? যদি আমি একটা গাড়ী কিনি এবং সেটা নিয়ে ঝামেলা শুরু হয়, আমি সেসব ব্যক্তির কাছে তা ফিরিয়ে নিয়ে যাই যারা সেটা তৈরী করেছিল যেন তারা সেটা ঠিক করতে পারে। ঈশ্বরের কাছেও একই নীতি। তিনি আপনাকে সৃষ্টি করেছেন এবং তিনি আপনাকে খুব ভালবাসেন। আপনার জীবন যদি আপনার কাছে সন্তুষ্টিকর না হয় তবে তাঁর কাছে তা নিয়ে যান যেন তিনি তা ঠিক করে দিতে পারেন।

আমি আগে যেমন বলেছিলাম, কোন কিছুরই পরিবর্তন হয় না যতক্ষণ না আপনি এক সিদ্ধান্ত নেন। আপনি কি একজন খ্রীষ্টান হতে চান? আপনি কি কেবলমাত্র আপনার পাপ নয় কিন্তু আপনার জীবনও ঈশ্বরের কাছে সমর্পণ করতে প্রস্তুত? আপনি কি আপনার পাপপূর্ণ পথ থেকে ফিরতে এবং ঈশ্বরের সাথে ও ঈশ্বরের জন্য কিভাবে এক প্রকৃত নতুন জীবন যাপন করতে হয় তা শিখতে প্রস্তুত? যদি তাই হয়, তবে পড়তে থাকুন কারণ সবচেয়ে ভাল জিনিসের বাইরে এক জীবন আপনার জন্য অপেক্ষা করছে যা সম্ভবত: আপনি কল্পনা করতে পারেন না। এটা সকলেই পেতে পারে। কেউ তা থেকে বাদ যাবে না। ঈশ্বর আপনার ভবিষ্যত সম্পর্কে একথা বলেন:

> তোমাদের জন্য আমার পরিকল্পনার কথা আমিই জানি; তা তোমাদের মঙ্গলের জন্য, ক্ষতির জন্য নয়। সেই পরিকল্পনার মধ্য দিয়ে তোমাদের ভবিষ্যতের আশা পূর্ণ হবে। - যিরমিয় ২৯:১১

কেউ আপনার জন্য আপনার মনোনয়ন করতে পারে না। তা আপনার এবং আপনাকে একাকেই তা করতে হবে। জীবনের কি শ্রেষ্ঠতা আপনি রাখতে ইচ্ছা করেন ? আজ আমাদের সমাজে আপনি যে আদর্শ দেখতে পান আপনি কি প্রকৃতই তা অনুসরণ করতে চান ? ঈশ্বরের বাক্য বলে আমরা পৃথিবীতে কিছুই সঙ্গে করে আনি নি এবং আমরা কিছুই সঙ্গে নিয়ে যাব না (১ তীমথিয় ৬:৭)। ঈশ্বর আলফা এবং ওমেগা, শুরু এবং শেষ। শুরুতে ঈশ্বর ছিলেন, এবং শেষে ঈশ্বরই থাকবেন। প্রতিটি ব্যক্তি ঈশ্বরের সামনে দাঁড়াবে এবং তাদের জীবনের হিসাব দিবে (রোমীয় ১৪:১২)। এখনই সেই সময় যখন তার জন্য প্রস্তুত হতে হবে। আমি সবসময় বলি, ‘‘প্রস্তুত থাকি বা না থাকি, যীশু আসছেন।’’ এখন প্রস্তুত হন; এখন ঠিক সিদ্ধান্ত নিন, কারণ পরে অনেক দেরী হয়ে যেতে পারে।

## ২য় অধ্যায়

# আমরা সকলে পাপ করেছি

ঈশ্বরের ইচ্ছা জেনে তার প্রতি ইচ্ছাকৃতভাবে অবাধ্য হওয়াই পাপ। আমরা সকলে পাপ করেছি। পৃথিবীতে এমন কোন ব্যক্তি নেই যে কখনও পাপ করে নি (রোমীয় ৩:২৩, উপদেশক ৭:২০)। এটা খারাপ সংবাদ, কিন্তু সুসংবাদও আছে। আমরা সকলেই ক্ষমা পেতে পারি এবং ঈশ্বরের সাথে ঠিক সম্পর্ক করে নিতে পারি।

> কারণ সবাই পাপ করেছে এবং ঈশ্বরের প্রশংসা পাবার অযোগ্য হয়ে পড়েছে। কিন্তু খ্রীষ্ট যীশু মানুষকে পাপের হাত থেকে মুক্ত করবার ব্যবস্থা করেছেন এবং সেই মুক্তির মধ্যে দিয়েই দয়ার দান হিসাবে বিশ্বাসীদের নির্দোষ বলে গ্রহণ করা হয়। —রোমীয় ৩:২৩-২৪

যীশু ইতিমধ্যে আপনার পাপের মূল্য দিয়ে দিয়েছেন; আপনাকে যা করতে হবে তা হোল বিশ্বাস করুন এবং তা গ্রহণ করুন। আপনি যদি আপনার পাপ স্বীকার করেন, তার জন্য দুঃখিত হন এবং তা থেকে সম্পূর্ণরূপে সরে আসতে ইচ্ছুক হন, তবে ঈশ্বর আপনাকে ক্ষমা করবেন এবং আপনাকে এক নতুন মানুষ তৈরী করবেন।

> যদি আমরা আমাদের পাপ স্বীকার করি তবে তিনি তখনই আমাদের পাপ ক্ষমা করেন (নিয়মহীনতা ধরেন না) এবং সমস্ত অন্যায় (প্রতিটি জিনিস যা উদ্দেশ্য, চিন্তা ও কাজে তাঁর ইচ্ছা অনুযায়ী হয় না) থেকে আমাদের শুচি

করেন (করতেই থাকেন) কারণ তিনি নির্ভরযোগ্য এবং কখনও অন্যায় করেন না (তাঁর নিজের প্রকৃতি এবং প্রতিজ্ঞার প্রতি সত্য)।

—১ যোহন ১:৯

কোন কিছু করার জন্য আপনাকে ঈশ্বরের জন্য অপেক্ষা করতে হবে না। যা করা দরকার তা তিনি ইতিমধ্যে করে দিয়েছেন। তিনি আমাদের স্থানে তাঁর একমাত্র পুত্রকে মরতে দিয়েছেন কারণ আমাদের মন্দ কাজের মূল্যের জন্য কেবলমাত্র এক নিখুঁত ও পাপহীন নৈবেদ্য উৎসর্গ করা যেতে পারে। বিচার সন্তুষ্ট হয়েছে, এবং আমরা যীশু খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে এবং তাঁর মাধ্যমে ঈশ্বরের সাথে ঘনিষ্ট সম্পর্কে প্রবেশের দ্বারা স্বাধীনভাবে যেতে পারি। আমরা নিজে নিজে ঈশ্বরের কাছে যেতে পারি না-আমাদের একজন পক্ষসমর্থনকারী প্রয়োজন। আমাদের কোন একজন মধ্যস্থতাকারী প্রয়োজন, এবং সেই একজন হলেন যীশু। যীশু, ঈশ্বর এবং আমাদের মাঝখানে ফাঁকার মধ্যে দাঁড়িয়েছিলেন, যে ফাঁকটি আমাদের পাপ সৃষ্টি করেছিল, আর তিনি আমাদের ঈশ্বরের কাছে নিয়ে আসেন।

একজন শিশুর মধ্যে যেমন তার বাবা থাকে (তার রক্ত, তার ডি এন এ, ক্রোমোসোম, ইত্যাদি), ঠিক তেমনই খ্রীষ্টের মধ্যে ঈশ্বর থেকে মিটমাট করে নিজের কাছে জগতকে আনেন। ঈশ্বর তাঁর সৃষ্ট মানুষকে ভালবাসেন; এবং একটি উপায় না যুগিয়ে তাদের পাপের দাসত্বে বিক্রীত হওয়া দেখতে তিনি অনিচ্ছুক! যীশুই পথ!

## পাপ অভিশাপ আনে

ঈশ্বরের বাক্য বলে আমাদের পাপ আমাদের রেহাই দেবে না (গণনাপুস্তক ৩২:২৩)। পাপ অভিশাপ আনে এবং বাধ্যতা আশীর্বাদ আনে (দ্বিতীয়বিবরণ ২৮ অধ্যায়)। এক সময় মনে হতে পারে যে একজন ব্যক্তি তার পাপ নিয়ে চালিয়ে যেতে পারে। তাদের জীবন দেখে মনে হয় তারা অন্য সকলের মতই ঠিক আছে, কিন্তু শেষে সর্বদাই আবিস্কৃত হবে কি ধরণের মনোনয়ন তারা করেছে।

আমরা যখন ঈশ্বরের বাধ্য হওয়া জীবনের পরিবর্তে বরং পাপের জীবন মনোনীত

করি, আমরা আমাদের আত্মায় দারুণ কষ্টের অভিজ্ঞতা অর্জন করি। মানুষ মাংস ও হাড় দিয়ে তৈরী হওয়ার চেয়েও আরও বেশী কিছু। সে একটি আত্মা এবং তার একটি হৃদয় আছে যা মন, ইচ্ছা ও ভাবাবেগ দিয়ে গঠিত। এটা মানুষের ব্যক্তিত্ব। পাপীরা তাদের মনে কষ্ট পায়। তারা মানসিক উদ্বেগ দিয়ে পূর্ণ, এবং তারা যা করে বা তাদের যা থাকুক না কেন তাতে কিছু এসে যায় না, এমন কিছুই নেই যা তাদের সম্পূর্ণরূপে সন্তুষ্ট করতে পারে। তারা আবেগজনিতভাবে কষ্ট পায়। যেহেতু তারা তাদের নিজেদের জীবন নিজেরা চালাতে মনোনীত করেছে, তারা হতাশ এবং ক্রুদ্ধ হয় (ভাবাবেগজনিতভাবে দুঃখিত) যখন তাদের পথে জিনিসগুলি চলে না। তারা বিশ্বাসের পথের বিষয়ে কিছুই জানে না। ঈশ্বরে নির্ভর করা-একটা শক্তি যা তাদের চেয়ে মহান-সে কথা তাদের বোঝবার ক্ষমতার বাইরে। তারা কখনও তাদের অন্তরের বিশ্রামে প্রবেশ করতে পারে না কারণ একজন কেবলমাত্র ঈশ্বরে বিশ্বাসের মাধ্যমে তাঁর বিশ্রামে প্রবেশ করতে পারে (ইব্রীয় ৪:৩)।

হ্যাঁ, পাপের জীবন একটি জীবন যা অভিশাপে পূর্ণ। সেখান থেকে ভাল কিছুই বের হয় না। যে ব্যক্তি ঈশ্বরবিহীন জীবন যাপন করতে উদযোগী হয় তার পরিণতির বিষয়ে ঈশ্বর একথা বলেন:

> লোকদের উপরে সদাপ্রভু দারুণ কষ্ট আনবেন যার জন্য তারা অন্ধ লোকদের মত হাঁটবে, কারণ সদাপ্রভুর বিরুদ্ধে তারা পাপ করেছে। তাদের রক্ত ধূলার মত ফেলে দেওয়া হবে ও তাদের দেহ গোবরের মত পড়ে থাকবে।
>
> সদাপ্রভুর ক্রোধের দিনে তাদের সোনারূপাও তাদের রক্ষা করতে পারবে না। তাঁর অন্তরের জ্বালার আগুনে সমস্ত জগত পুড়ে যাবে, কারণ পৃথিবীতে বাসকারী সকলকে তিনি হঠাৎ শেষ করে দেবেন, হ্যাঁ, ভীষণভাবে শেষ করে দেবেন। – সফনিয় ১:১৭-১৮

এই শাস্ত্রাংশটি ভীতিপ্রদ, কিন্তু তা যীশু খ্রীষ্টে বিশ্বস্ত বিশ্বাসীর অন্তরে ভয়ের খোঁচা মারার প্রয়োজন নেই। যারা যীশুতে বিশ্বাস করেছে তারা কখনও বিচারে আসে না বা শাস্তি পায় না (যোহন ৩:১৮)।

# দোষ এবং শাস্তি

দোষ পাপীর সব সময়ের সঙ্গী। তা অবজ্ঞা করতে সে হয়ত বিভিন্ন জিনিস করতে পারে, কিন্তু অন্তরের গভীরে সে জানে তার জীবন ঠিক নেই। যীশু বলেছেন পাপীরা দোষ থেকে পালাতে অসমর্থ (যোহন ৯:৪১)।

বাইবেল পুরাতন নিয়ম আর নতুন নিয়মে ভাগ করা আছে। পুরাতন নিয়ম কেবল এই, এটা "পুরনো"। এখানে আছে পুরনো নিয়ম, সেই নিয়ম যা ঈশ্বর মানুষের পাপ ঢাকা দিতে ব্যবহার করতেন যতক্ষণ না নতুন নিয়ম প্রতিষ্ঠা করতে যীশুর সময় এসেছিল। পাপের জন্য উৎসর্গ করার পদ্ধতি অনুসরণের মাধ্যমে, মানুষের পাপ ঢাকা দেওয়া যেতে পারত কিন্তু কখনও সরানো যায় নি। দোষ সর্বদাই উপস্থিত ছিল। যাই হোক, নতুন নিয়মে, নতুন চুক্তিপত্রের অধীনে আমাদের এক নিখুঁত এবং সর্বশেষ উৎসর্গ আছে যা পাপ ঢেকে দেয় না, কিন্তু সম্পূর্ণরূপে তা সরিয়ে দেয়। এটা কেবলমাত্র পাপ ধুয়ে দেয় না কিন্তু তার সাথে দোষ চলে যায়।

অনুগ্রহপূর্বক, নিম্নলিখিত শাস্ত্রাংশটি ধীরে ধীরে পড়ুন এবং সেখানে কি বলছে তার ক্ষমতাটি চিন্তা করুন। এগুলি সবই ইব্রীয় ১০ অধ্যায় থেকে নেওয়া হয়েছে।

> ঈশ্বরের সেই ইচ্ছা মতই যীশু খ্রীষ্টের অভিষিক্ত দেহ একবারই উৎসর্গ করবার দ্বারা ঈশ্বরের উদ্দেশ্যে আমাদের আলাদা (উৎসর্গীকৃত এবং পবিত্রীকৃত) করা হয়েছে। —ইব্রীয় ১০:১০

> যীশু কিন্তু পাপের জন্য চিরকালের মত একটি মাত্র উৎসর্গ করে ঈশ্বরের ডান দিকে বসলেন। —ইব্রীয় ১০:১২

> প্রভু বলেন, "পরে আমি তাদের জন্য যে ব্যবস্থা (নিয়ম, চুক্তি) স্থাপন করব তা হল, আমার আইন-কানুন আমি তাদের অন্তরে রাখব এবং তাদের মনের (তাদের অন্তস্থলের চিন্তা এবং বোঝাপড়া) মধ্যে তা লিখে রাখব।"

এরপরে পবিত্র আত্মা বলেছেন, "আমি তাদের পাপ ও অন্যায় আর কখনও মনে রাখব না।" – ইব্রীয় ১০:১৬-১৭

সেইজন্য বিশ্বাসের মধ্যে দিয়ে (ঈশ্বরের ক্ষমতা, জ্ঞান, এবং মঙ্গলভাবে সম্পূর্ণ নির্ভরতা এবং বিশ্বাসে তাঁর সমগ্র মানবিক ব্যক্তিত্বের উপর ঝোঁকার দ্বারা) যে নিশ্চয়তা আসে, এস, আমরা সেই পরিপূর্ণ নিশ্চয়তায় খাঁটি (সৎ এবং বিশ্বস্ত) অন্তরে ঈশ্বরের সামনে যাই; কারণ দোষী বিবেকের হাত থেকে আমাদের অন্তরকে রক্ত ছিটিয়ে শুচি করা হয়েছে এবং পরিস্কার জল দিয়ে আমাদের দেহকে ধোয়া হয়েছে। – ইব্রীয় ১০:২২

শাস্ত্রের এই অংশগুলি আমাদের অনেক বেশী গুরুত্বপূর্ণ এবং অপূর্ব জিনিসের কথা বলে। প্রথম কথা যে যীশু একবার, মাত্র একবারের জন্য বলীকৃত হয়েছিলেন, এবং তাঁর সাথে আর কখনও কোন উৎসর্গ যোগ করার প্রয়োজন নেই। পুরনো নিয়মের অধীনে, বার বার করে উৎসর্গ করতে হয়েছিল তবুও কখনও দোষ সরানো যায় নি। যীশু একজনই বলি হয়েছিলেন যা ছিল সব সময়ের জন্য ভাল এবং তা পাপ ও দোষ সরিয়ে দেয়।

আইনসম্মতভাবে দোষ সরান হয়, কিন্তু একজনের হয়ত তখনও শেখার প্রয়োজন হতে পারে কিভাবে দোষের অনুভূতি থেকে স্বাধীন হয়ে জীবনযাপন করতে হয়। প্রকৃতপক্ষে, খ্রীষ্টের জন্য নতুন জীবন যাপন প্রয়োজন যে একজন তার অনুভূতির জন্য প্রান্তে জীবন যাপন করতে শেখা। তারা আর যেন অনুভূতিগুলিকে তাদের উপর কর্তৃত্ব করতে দিতে না পারে। তাদের ঈশ্বরের বাক্য জানা এবং তার বাধ্য হওয়া আবশ্যক, তা তারা যেমনই অনুভব করুক এতে কিছু এসে যায় না। বাধ্যতার এই জীবনধারা তুলনার উর্ধে আশীর্বাদ বয়ে নিয়ে আসে।

## ৩য় অধ্যায়

# এখন আত্মসমর্পণের সময়

আপনি হয়ত এরই মধ্যে খ্রীষ্টকে গ্রহণ করেছেন এবং খ্রীষ্টের সাথে আপনার নতুন জীবন শুরু করতে সাহায্যের জন্য এই বইটি পেতে অনুরোধ জানিয়েছেন, নয়ত আপনাকে এই বইটি দেওয়া হয়েছে এবং আশা করা যাচ্ছে এখন সেই সিদ্ধান্ত নিতে আপনি প্রস্তুত আছেন।

যোহন ৩:১৬ পদ বলে, ‘‘ঈশ্বর মানুষকে এত ভালবাসলেন যে, তাঁর একমাত্র পুত্রকে তিনি দান করলেন, যেন যে কেউ সেই পুত্রের উপর বিশ্বাস করে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়।’’

আমাকে একটা গল্প বলতে দিন যা আপনাকে এই পদের ক্ষমতা বুঝতে সাহায্য করবে।

শিকাগো শহরে এক ঠান্ডা, অন্ধকার রাতে, তুষারসহ ঝোড়ো হাওয়া বইছিল। একটা ছোট ছেলে এক কোণায় খবর কাগজ বিক্রী করছিল। লোকেরা ঠান্ডা থেকে রেহাই পেতে ঘরের ভিতরে ছিল, আর ছোট ছেলেটির এত শীত লেগেছিল যে সে সত্যি করে অনেক কাগজ বিক্রী করার চেষ্টা করছিল না। সে পুলিশের কাছে এল এবং বলল, ‘‘মহাশয়, একটা গরীব ছেলে কোথায় একটা গরম জায়গা খুঁজে পেতে পারে এবং আজ রাতে ঘুমায় তা আপনি হয়ত জানতে পারবেন না, জানবেন কি? দেখুন,

আমি ওদিকে ঘুরে গিয়ে কোণায় এবং গলির শেষে একটা বাক্সে ঘুমাই, আর সেখানে প্রচন্ড ঠান্ডা। থাকার জন্য একটা গরম জায়গা থাকলে নিশ্চিতই খুব ভাল হবে।"

পুলিশটি ছোট ছেলেটির দিকে তাকাল এবং বলল, "শোন, আমি বলছি তোমাকে কি করতে হবে, এই রাস্তা ধরে সোজা ঐ সাদা বাড়ীটা পর্য্যন্ত যাও এবং দরজায় করাঘাত কর। যখন কেউ দরজা খুলে বেরিয়ে আসবে, কেবল বলবে, 'যোহন ৩:১৬ পদ' আর ওরা তোমাকে ভিতরে ঢুকতে দেবে।"

কাজেই ছেলেটি তাই করল। সে সিঁড়ি দিয়ে উঠে দরজা পর্য্যন্ত গেল এবং করাঘাত করল, আর একজন মহিলা খুলে দিলেন। ছেলেটি মুখ তুলে তাকাল আর বলল, "যোহন ৩:১৬ পদ।"

মহিলাটি বললেন, "ভেতরে এস।"

তিনি তাকে ভিতরে নিয়ে গেলেন, বড় আগুনের চুল্লীর সামনে এক আরাম চেয়ারে বসতে দিলেন, এবং চলে গেলেন। ছেলেটি বেশ কিছুক্ষণ সেখানে বসে রইল এবং মনে মনে চিন্তা করল, যোহন ৩:১৬ পদ-*আমি এর অর্থ বুঝি না, কিন্তু এটা নিশ্চিত একটা ঠান্ডায় কাবু হওয়া ছেলেকে গরম করতে পারে।*

একটু পরে মহিলাটি ফিরে এলেন এবং তাকে জিজ্ঞাসা করলেন, "তোমার কি খিদে পেয়েছে?"

সে বলল, "হ্যাঁ, একটু পেয়েছে বৈ কি। কয়েকদিন ধরে কিছুই খাওয়া হয় নি, মনে হয় একটু খাবার পেলেই আমার হয়ে যাবে।"

মহিলাটি তাকে রান্নাঘরে নিয়ে গেলেন এবং একটা টেবিলে বসতে দিলেন যেখানে সুন্দর খাবারে ভর্তি ছিল, আর সে ততক্ষণ খেয়েই চলল যতক্ষণ সে আর খেতে পারল না। তারপর সে নিজে নিজে চিন্তা করল, যোহন ৩:১৬ পদ-*আমি এর অর্থ বুঝি না, কিন্তু তা নিশ্চিতই একজন ক্ষুধার্ত ছেলেকে তৃপ্ত করে।*

মহিলাটি তাকে একটা বাথরুমে নিয়ে গেলেন যেখানে বিরাট বড় গামলায় গরম জল ভর্তি ছিল। ছেলেটি সেখানে বসল এবং নিজেকে কিছুক্ষণ ভিজিয়ে রাখল।

সেখানে যখন সে বসেছিল, সে মনে মনে ভাবল, যোহন ৩:১৬ পদ-*আমি এর অর্থ বুঝি না, কিন্তু এটা নিশ্চিতই একজন নোংরা ছেলেকে পরিস্কার করে।*

মহিলাটি এলেন এবং তাকে নিলেন, একটা ঘরে নিয়ে গেলেন, পুরনো পালখের বিছানায় শুইয়ে দিলেন, গলা পর্য্যন্ত ঢাকা দিয়ে দিলেন, এবং হাসি দিয়ে শুভরাত্রি জানালেন। তিনি আলো নিভিয়ে দিলেন। ছেলেটি যখন অন্ধকারে শুয়ে থাকে, সে জানলার বাইরের তাকায় এবং দেখতে পায় সেই ঠান্ডা রাতে বরফ পড়ছে। সে নিজের মনে চিন্তা করে, যোহন ৩:১৬ পদ-*আমি এর অর্থ বুঝি না, কিন্তু তা নিশ্চিত করে একজন ক্লান্ত ছেলেকে বিশ্রাম দেয়।*

পরের দিন সকালে মহিলাটি তাকে আবার সেই খাবার ভর্ত্তি বড় টেবিলে নিয়ে যান। তার খাওয়া হয়ে গেলে তিনি তাকে আবার সেই নরম চেয়ারে আগুনের সামনে নিয়ে যান। তিনি একটা বাইবেল বের করেন, বসেন, এবং বলেন, ‘‘তুমি যোহন ৩:১৬ পদটি বুঝতে পার?”

‘‘না, ম্যাডাম, আমি বুঝি না। কাল রাতে প্রথম বার আমি তা শুনেছি যখন পুলিশটি আমাকে তা ব্যবহার করতে বলেছিলেন।” মহিলাটি বাইবেলে যোহন ৩:১৬ পদটি খুললেন এবং যীশুর বিষয়ে তাকে ব্যাখ্যা করতে শুরু করেছিলেন। ঠিক সেখানে সেই আগুনের সামনে, ছেলেটি যীশুকে তার হৃদয় ও জীবন দিয়েছিল। সে সেখানে বসে থাকল এবং চিন্তা করল, যোহন ৩:১৬ পদ-*আমি এটা বুঝি না, কিন্তু তা নিশ্চিতই একজন হারানো ছেলেকে নিরাপদ অনুভব করায়* - (অজানা লেখক)

এবার, আপনি যদি আপনার পাপের জন্য একমাত্র গ্রাহ্যনীয় মূল্য হিসাবে ঈশ্বরের পুত্র যীশু খ্রীষ্টকে গ্রহণ করার দ্বারা ঈশ্বরের কাছে আপনার জীবন সমর্পণ করতে প্রস্তুত আছেন, তবে আমি আপনাকে আমার সাথে এই প্রার্থনাটি করতে উৎসাহ দিই। কথাগুলি জোরে জোরে পুনরাবৃত্তি করুন এবং তাদের প্রত্যেকটি শুনুন যেন সেগুলি ব্যক্তিগতভাবে আপনার কাছে অর্থবহ হয়।

*পিতা ঈশ্বর, আমি তোমাকে ভালবাসি। আমি আজ বিশ্বাসে তোমার কাছে আসি একথা বলতে আমার পাপ ক্ষমা করে দাও। যীশু আমি তোমাতে বিশ্বাস করি, আমি*

*বিশ্বাস করি তুমি আমার জন্য ক্রুশে মরেছ, আমার জন্য তোমার নির্দোষ রক্ত পাতিত করেছ, তুমি আমার স্থান এবং সমস্ত শাস্তি নিয়েছ যা আমি পাওয়ার যোগ্য। আমি বিশ্বাস করি তুমি মরেছিলে এবং কবরস্থ হয়েছিলে, এবং তৃতীয় দিনে মত্যু থেকে জীবিত হয়ে উঠেছ। মৃত্যু তোমাকে ধরে রাখতে পারে নি। তুমি শয়তানের উপর জয়লাভ করেছ এবং তার কাছ থেকে মৃত্যু ও পাতালের চাবি নিয়ে নিয়েছ। আমি বিশ্বাস করি এসমস্ত কিছু তুমি আমার জন্য করেছ কারণ তুমি আমাকে ভালবাস। আমি একজন খ্রীষ্টবিশ্বাসী হতে চাই। আমার সারা জীবন ধরে তোমার সেবা করতে চাই। আমি জানতে চাই কিভাবে নতুন জীবন যাপন করতে হয় যা তুমি আমাকে প্রতিজ্ঞা করেছ। আমি এখন তোমাকে গ্রহণ করি, যীশু এবং আমি তোমার কাছে নিজেকে দিই। আমি যেমন সেভাবে তুমি আমাকে গ্রহণ কর, তুমি যেমন চাও, তেমন আমাকে তৈরী কর।*

*যীশু, আমাকে উদ্ধার করার জন্য তোমাকে ধন্যবাদ দিই। তোমার পবিত্র আত্মা দিয়ে তুমি আমাকে পূর্ণ কর এবং আমার যা জানা প্রয়োজন তা প্রত্যেকটি আমাকে শিখাও। এখন, আমি বিশ্বাস করি যে আমি পরিত্রাণ পেয়েছি, আমি নতুন জন্ম পেয়েছি, এবং আমি যখন মারা যাব তখন আমি স্বর্গে যাব। পিতা ঈশ্বর, আমি আমার যাত্রাপথে আনন্দ করতে যাচ্ছি এবং তোমার গৌরবের জন্য জীবন কাটাব!*

আপনি যদি বিশ্বস্তভাবে এই প্রার্থনাটি করে থাকেন, তবে আপনার জীবনে আপনি সবচেয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তটি নিয়েছেন। আপনি কেমন অনুভব করেন এতে কিছু এসে যায় না, ঈশ্বর আপনার প্রার্থনা শুনেছেন এবং উত্তর দিয়েছেন। আপনি শান্তি বা আনন্দ, আরাম বা স্বাধীনতা অনুভব করতে পারেন, এবং আপনি বর্তমানে একেবারে কিছু অনুভব নাও করতে পারেন। আপনার জীবনে আপনার অনুভূতিকে আর কখনও প্রভুত্ব করতে দেবেন না। ঈশ্বরের বাক্যে বিশ্বাস করুন, কারণ তিনি বিশ্বস্ত এবং তাঁর প্রতিজ্ঞায় সত্য। তিনি বলেছেন:

> পিতা আমাকে যাদের দেন তারা সবাই আমার কাছে আসবে। যে আমার কাছে আসে তাকে কোনমতেই বাইরে ফেলে দেব না (আমি কখনও, না

কখনও, তাদের মধ্যে একজনকেও প্রত্যাখ্যান করব না যে আমার কাছে আসে)।   – যোহন ৬:৩৭

ঈশ্বর সর্বদা আপনার সঙ্গে থাকবেন বলে প্রতিজ্ঞা করেছেন, এমন কি জগতের শেষ দিন পর্য্যন্ত। আপনি সর্বদা তাঁকে অনুভব নাও করতে পারেন, কিন্তু তিনি সব সময়, সব জায়গায় আছেন। তিনি সর্বদা আপনার উপর চোখ রেখেছেন এবং যত্নসহকারে তিনি আপনার উপর লক্ষ্য রাখবেন। যে সব জিনিসের উপর আপনার চিন্তা আছে, সে সব জিনিসের বিষয়ে তাঁর চিন্তা আছে এবং সেগুলি যথাযথ রাখতে তিনি প্রতিজ্ঞা করেছেন। তিনি যে ভাল কাজ আপনার মধ্যে শুরু করেছেন তা তিনি শেষ করবেন এবং সম্পূর্ণ করে আনবেন (আদিপুস্তক ২৮:১৫, গীতসংহিতা ১৩৮:৮; ফিলিপীয় ১:৬)।

অভিনন্দন জানাই, আপনার একজন নতুন সবচেয়ে ভাল বন্ধু আছে-যীশু-সবচেয়ে ভাল বন্ধু যা আপনার কখনও হবে না। আপনি যে কোন বিষয় এবং প্রত্যেকটি বিষয়ে তাঁর সাথে কথা বলতে পারেন কারণ তিনি সর্বদা আপনাকে বোঝেন (ইব্রীয় ৪:১৫)। তিনি কখনও আপনাকে প্রত্যাখ্যান বা দোষী করবেন না। ঈশ্বরের কাছে কোন কিছুই সাংঘাতিক বড় নয়, সে কারণের জন্য, কোন কিছুই অতি ক্ষুদ্র নয়। আপনার সমস্ত পথে আপনি তাঁকে মেনে নেন এবং আপনার জীবনের প্রত্যেকটি ক্ষেত্রে তাঁকে আমন্ত্রণ জানান এটা তিনি চান।

আপনি এক নতুন সৃষ্টি হয়েছেন। পুরনো বিষয়গুলি সব অতীত হয়ে গিয়েছে এবং প্রত্যেকটি জিনিস একেবারে নতুন হয়েছে (২ করিন্থীয় ৫:১৭)। আপনি একেবারে নতুন শুরু পেয়েছেন।

আপনি ভুল করবেন-আমরা সকলেই ভুল করি। আপনাকে অনেক কিছু শিখতে হবে এবং যে যাত্রা শুরু করেছেন তা সারাজীবন ধরে চলবে। সর্বদা মনে রাখবেন যে যখন আপনি ভুল করেন, তখন চাওয়ার জন্য সর্বদা ঈশ্বরের ক্ষমা এবং পরিস্করণ পাওয়া যায়। যে কোন পাপের জন্য তাড়াতাড়ি অনুতপ্ত হন এবং কখনও ঈশ্বরের কাছ থেকে কোন কিছু লুকোবার চেষ্টা করবেন না, কারণ তিনি প্রত্যেকটি বিষয় জানেন।

ঈশ্বর আপনাকে অতিমাত্রায় ভালবাসেন। তিনি সব সময় আপনাকে ভালবাসেন। আপনি যেদিন ভালভাবে আচরণ করেন সেদিন তিনি আপনাকে আরও বেশী ভালবাসেন এবং যেদিন খারাপভাবে আচরণ করেন সেদিন তিনি কম ভালবাসেন, তা নয়। তিনি কেবল আপনাকে ভালবাসেন!

জীবনযাপনের নতুন উপায়টির বিষয়ে শিক্ষা দেওয়ার এখনই সময়।

## ৪থ অধ্যায়

# জীবন যাপনের নতুন উপায়

আপনি যখন আপনার নতুন জীবনে প্রবেশ করেন যা হলো ঈশ্বরের দ্বারা, ঈশ্বরের সাথে এবং ঈশ্বরের জন্য জীবনধারণ, তখন আপনি দেখবেন তাঁর অনেক নীতি জগতের পথ থেকে একেবারে উল্টা-পাল্টা বলে মনে হবে। আসলে, এটা জগত, যা উল্টাপাল্টা এবং ঈশ্বরের রাজ্য যা ঠিক দিকে আছে। আমরা ঈশ্বরের পথে জিনিসগুলি করতে অভ্যস্থ নই, আর প্রথমে সেগুলি বুঝতে দুরূহ এবং কঠিন বলে মনে হতে পারে।

## বাপ্তিস্ম

যীশু খ্রীষ্টে একজন নতুন বিশ্বাসী হিসাবে প্রথম জিনিসগুলির মধ্যে একটি যা আপনার করা উচিত তা হলো জলে বাপ্তিস্ম গ্রহণ। বাপ্তিস্ম হলো খ্রীষ্টকে অনুসরণ করতে আপনার আভ্যন্তরীণ সিদ্ধান্তের বাহ্যিক চিহ্ন। একজন ব্যক্তি যখন বাপ্তিস্মে জলের তলায় যায়, তা পুরনো জীবনের কবর চিহ্নিত করে। যখন তাদের জল থেকে বাইরে বের করে আনা হয় তা নতুন জীবনের পুনরুত্থান চিহ্নিত করে। এটা এমন কিছু যা আমরা ঈশ্বরের প্রতি বাধ্যতায় করি।

> এটা হল বাপ্তিস্মের একটা ছবি (তাদের মুক্তির) যা এখন তোমাদের উদ্ধার করে (আভ্যন্তরীণ প্রশ্ন এবং ভয় থেকে)। বাপ্তিস্ম যে তোমাদের দেহ থেকে

ময়লা দূর করে তা নয় (চান করা); ঈশ্বরের কাছে (কারণ আপনি আপনার বলে যা বিশ্বাস করেন তা প্রকাশ করেন) এটা একটা পরিস্কার বিবেকের সাড়া (আভ্যন্তরীণ পরিচ্ছন্নতা এবং শান্তি)। যীশু খ্রীষ্টের মৃত্যু থেকে জীবিত হয়ে উঠবার মধ্যে দিয়ে তোমাদের উদ্ধার করা হয়। – ১ পিতর ৩:২১

উত্তরে পিতর বললেন, আপনারা প্রত্যেকে পাপের ক্ষমা পাবার জন্য পাপ থেকে মন ফিরান (আপনার আভ্যন্তরীণ স্বত্ত্বায় ঈশ্বরের ইচ্ছা প্রত্যাখ্যান করার পরিবর্তে তা গ্রহণ করতে আপনার মতামত এবং উদ্দেশ্য পরিবর্তন করুন) এবং যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম গ্রহণ করুন। আপনারা দান হিসাবে পবিত্র আত্মাকে পাবেন। – প্রেরিত ২:৩৮

## গীর্জায় যাওয়া

আর একটি জিনিস আমি খুব বেশীভাবে উপযুক্ত বলে মনে করি তা হলো স্থানীয় মন্ডলীর পরিবারে অংশগ্রহণ করা। গীর্জায় গেলেই একজন খ্রীষ্টান তৈরী হয় না যেমন আমার গ্যারাজে বসে থাকলে তা আমাকে গাড়ী তৈরী করে না। গীর্জায় যাওয়ার সততার দ্বারা-আমরা সাধারণত: খ্রীষ্টান হই না, কিন্তু আমরা যদি খ্রীষ্টবিশ্বাসী হই তবে আমাদের ঈশ্বরের আরাধনা করতে এবং অন্য বিশ্বাসীদের সাথে সহভাগিতা করতে চাওয়া উচিত। মন্ডলী বা গীর্জা এমন একটি স্থান যেখানে আমরা ঈশ্বরের বাক্য শিখি।

সব মন্ডলীই ভাল মন্ডলী নয়। কয়েকটি ধর্মীয় প্রাসাদ যা বাইরে থেকে দেখতে ভাল, কিন্তু ভিতরে কোন কিছুই হয় না যা প্রকৃতই কাউকে সাহায্য করে। আপনি যদি একটি মন্ডলীতে যোগ দেন যা আপনাকে ঈশ্বরের বাক্য খাওয়ায় না এবং ঈশ্বরের সাথে আপনার চলায় প্রতিদিন বৃদ্ধি পেতে চ্যালেঞ্জ না দেয়, তবে খুঁজতে থাকুন যতক্ষণ না একটি মন্ডলী পান। মন্ডলীগুলি ডাক্তারদের মত, সব ভাল নয়; কিন্তু, সেগুলি সব খারাপও নয়। আপনার এমন একটা খুঁজে নেওয়া দরকার যা আপনার জন্য ঠিক। কোন কোন ব্যক্তি অনেক বড় মন্ডলী পছন্দ করে এবং কেউ কেউ ছোট

মন্ডলী পছন্দ করে। কারও কারও অন্য সম্প্রদায়ের চেয়ে একটি সম্প্রদায় বেশী পছন্দ, আর তারপর কেউ কেউ আছে যারা কোন সম্প্রদায়ই পছন্দ করে না, যার সাধারণ অর্থ তারা এক বৃহৎ প্রতিষ্ঠানের সাথে যুক্ত নয়। প্রধান বিষয় হোল আপনার যদি মন্ডলীর প্রতি দৃঢ় অঙ্গীকার থাকে তবে তা আপনাকে সাহায্য করবে। এটা আপনাকে তাদের সাথে বন্ধু করার সুযোগ যোগায় যারা আপনার বিশ্বাসের সাথে সমমনভাবাপন্ন এবং নৈতিক স্থরে সামাজিকতার সুযোগ দেয় যা আপনাকে জাগতিক প্রলোভনগুলি এড়াতে সাহায্য করবে।

আপনি এমন একটা মন্ডলীতে যান যেখানে নিশ্চিত হবেন যে আপনি একজন খ্রীষ্টবিশ্বাসী হিসাবে বৃদ্ধি পাচ্ছেন। নতুন বিশ্বাসীদের জন্য অনেক জিনিস শেখা খুবই গুরুত্বপূর্ণ। সে যদি না শেখে এবং উন্নতি না করে, তবে তার পড়ে যাওয়ার বা পুরনো পথে ফিরে যাবার বিপদের মধ্যে থাকে।

নতুন বিশ্বাসীদের জন্য ছোট ছোট বাইবেল অধ্যয়নের দল খুবই উপকারযোগ্য। ছোট ছোট দলে, আপনার সাধারণত: শেখবাব, প্রশ্ন জিজ্ঞাসা করবার, প্রার্থনা পাওয়ার, এবং অপরের জন্য প্রার্থনা করার এক সুযোগ রয়েছে। আশাপূর্ণভাবে, আপনার মন্ডলী নিশ্চয়ই প্রাপ্তবয়স্কদের জন্য বাইবেল ক্লাশ অথবা গৃহ দলগুলি যুগিয়ে থাকে যেখানে আপনি নিয়োজিত হতে পারেন। মন্ডলী কেবলমাত্র পরিচর্য্যা পাবার স্থান নয়, এটা একটা জায়গা যেখানে আমরা খ্রীষ্টের দেহের (মন্ডলী) মধ্যে আমাদের পরিচর্য্যা খুঁজে পাই এবং প্রকাশ করি। অন্যদের কাছ থেকে পাওয়া ছাড়াও, আপনার অন্যকে দেওয়া প্রয়োজন।

## অঙ্গীকার

অঙ্গীকারবদ্ধ হওয়া খুবই গুরুত্বপূর্ণ। আমরা একবার কি ভুল কাজ করেছি যা আমাদের জীবন এমন এক বিশৃঙ্খল অবস্থায় ফেলেছে এটা তা নয়, এটা হলো আমরা অনবরত কি ভুল করে চলেছি। আর একবার বা দুবার কোন কিছু ঠিক করলে তা নতুন জীবন যাপন করতে আমাদের সাহায্য করবে না যা ঈশ্বর আমাদের জন্য রেখেছেন। আমাদের

অধ্যবসায়ী হওয়া এবং আমরা যা জানি আমাদের করা উচিত তা করা আবশ্যক এমন কি যখন আমরা তা করতে অনুভব করব না। আমাদের অটল হওয়া আবশ্যক। ঈশ্বর আপনাকে আত্ম নিয়ন্ত্রণ এবং শৃঙ্খলার আত্মা দিয়েছেন (২ তীমথিয় ১:৭) এবং আপনাকে যা করতে হবে তা হোল অনুশীলন করা।

ঈশ্বরের সাথে সময় কাটাতে অঙ্গীকারবদ্ধ হন। তাঁর বাক্য অধ্যয়ণ করুন এবং বই পড়ুন যা আপনাকে বাইবেল ভালভাবে বুঝতে সাহায্য করবে। শিক্ষার টেপগুলি বা সিডি শুনুন এবং ভাল খ্রীষ্টিয়ান টেলিভিশন অনুষ্ঠান দেখুন। প্রার্থনার জন্য সময় নিন। সারাদিন ধরে আপনার পথে প্রার্থনা করতে শিখুন। মনে রাখবেন, আপনি যে বিষয়ে চিন্তাগ্রস্থ ঈশ্বর তা প্রত্যেকটিতে আগ্রহী, আর প্রার্থনা হোল সাধারণভাবে ঈশ্বরের সাথে কথোপকথন। আপনি যখন একজন খ্রীষ্টান হিসাবে বৃদ্ধি পান, আপনি কেবলমাত্র শিখবেন না কিভাবে ঈশ্বরের সাথে কথা বলতে হয় কিন্তু কিভাবে তাঁর কথা শুনতে হয় তাও শিখবেন, এবং তা ঈশ্বরের সাথে আপনার চলায় এক উত্তেজনাপ্রবণ মাত্রা সংযোজন করবে।

আর একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে অঙ্গীকার প্রয়োজন তা হোল দান করা। ঈশ্বর আমাদের এত বেশী দিয়েছেন যে তাঁকে কিছু ফিরিয়ে দিতে এবং পৃথিবীতে তাঁর কাজের জন্য দিতে চাওয়া স্বাভাবিক। আপনি যখন সাহায্য পান, তখন অন্যকে সাহায্য করতে চাওয়া কেবলমাত্র স্বাভাবিক, আর উপায়গুলির মধ্যে একটি উপায় যা আপনি করতে পারেন তা হোল আপনার মন্ডলীতে এবং যারা আপনাকে সাহায্য করেছে সেই পরিচর্য্যাকাজে এবং যেখানে আপনি বিশ্বাস করেন, সেখানে অঙ্গীকারবদ্ধ হতে দেওয়া। ঈশ্বরকে আমরা যা কিছু দিই, তিনি তার বহু গুণ আমাদের ফিরিয়ে দেন। তাঁর বাক্য বলে আমরা যা বুনি তাই কাটি।

খ্রীষ্টকে গ্রহণ করার এবং তাঁতে নতুন সৃষ্টি হওয়ার আগে, দেওয়ার বিষয়ে আমাদের কোন গভীর আগ্রহ ছিল না। আমরা স্বার্থপর ছিলাম এবং চেয়েছিলাম যেন অন্যেরা আমাদের দেয়, কিন্তু যখন আমরা যীশুর সাথে ভালবাসায় আরও গভীরভাবে একাত্ব হই তখন আমাদের হৃদয় পরিবর্তিত হয়।

# পবিত্র আত্মায় বাপ্তাইজিত হওয়া

বাপ্তাইজিত হওয়ার অর্থ সম্পূর্ণরূপে ডুবে যাওয়া। যে কোন জিনিস যা ডুবে যায় তার মধ্যে যদি খোলা জায়গা থাকে তা দিয়ে তবে তা পূর্ণ হয়। আপনি যদি উন্মুক্ত হন, আপনি সম্পূর্ণরূপে পবিত্র আত্মা দিয়ে পূর্ণ হতে পারেন। আপনি যখন যীশুকে আপনার পরিত্রাতা হিসাবে গ্রহণ করেছিলেন তখন আপনি পবিত্র আত্মা গ্রহণ করেছিলেন, কিন্তু আপনি হয়ত একটা জায়গায় আসতে পারেন নি যেখানে আপনি আপনার হৃদয়ের প্রত্যেকটি কামরা খুলে দিতে এবং তাঁকে সম্পূর্ণরূপে আপনাকে পূর্ণ করতে দিতে প্রস্তুত ছিলেন না।

আপনার কাছে পবিত্র আত্মা আছেন, কিন্তু আপনি নিশ্চিত জানতে চান যে আপনার সব তাঁর কাছে আছে কি না। ঈশ্বর তাঁর পরিচর্য্যায় আপনাকে ব্যবহার করতে চান, আর সফলতা লাভ করতে এবং উৎপাদনকারী হতে আপনার ঈশ্বরের আত্মার ক্ষমতা প্রয়োজন হবে।

ঈশ্বর আমাদের দৈনিক জীবন যাপন করতে সাহায্য করতে স্বর্গীয় দানও (স্বর্গীয় শক্তির গুণাবলি) দিয়ে থাকেন। দানগুলি বিভিন্ন প্রকারের হয় এবং প্রত্যেকে সেগুলি গ্রহণ করে, কিন্তু কেউ কেউ হয়ত অন্যদের অপেক্ষা আরও প্রভাবশালী। আমার দান শিক্ষা দেওয়া, অন্যদের গান বাজনায় বা প্রশাসনে, দয়া দেখানোর কাজে বা সাহায্য করতে দান আছে। ১ করিন্থীয় ১২:৭-১০ পদে নয় প্রকার দানের বিষয় উল্লেখ আছে যা আমাদের অবগত থাকা উচিত। আমাদের প্রকৃতপক্ষে এই দানগুলিতে লোভ করতে (সাংঘাতিকভাবে ইচ্ছা করতে) শিক্ষা দেওয়া হয়েছে। এগুলি হলো জ্ঞানের কথা, প্রজ্ঞার কথা, বিশ্বাসের দান, সুস্থতার জন্য ক্ষমতা, আশ্চর্য্য কাজ করা, ভবিষ্যতবাণী বলা ঐশ্বরিক ইচ্ছা এবং ঈশ্বরের উদ্দেশ্য অনুবাদ করে বলা, ভাল এবং মন্দ আত্মার মধ্যে পার্থক্য জানার যোগ্যতা, অপরিচিত ভাষায় কথা বলার দান, এবং এপ্রকার ভাষাগুলির অনুবাদ করার যোগ্যতা।

এমন কি যদিও আপনি এই দানগুলি বুঝতে পারবেন না, আমি আপনাকে উৎসাহিত

করতে চাই যে সেগুলি আপনাকে দিতে এবং সেবিষয় আপনাকে শিক্ষা দিতে এবং তাদের ঠিকমত ব্যবহার করতে আপনি ঈশ্বরকে বলুন। ঈশ্বরের বাক্যে আমরা অনেক ঘটনা দেখতে পাই যেখানে লোকেরা এক অপরিচিত ভাষায় কথা বলছে (একটি আত্মিক ভাষা)। আমরা যখন পরভাষায় প্রার্থনা করি, আমরা গোপনীয়তাগুলি এবং রহস্যগুলি ঈশ্বরকে বলছি এবং আমরা নিজেদের সজ্জীভূত এবং উন্নতি করি। প্রেরিত পৌল বলেছেন তিনি ইচ্ছা করেন যে প্রত্যেকে পরভাষায় কথা বলুক (১ করিন্থীয় ১৪:২, ৪-৫) ।

পরভাষার দান, বিশেষভাবে, অনেক বছর ধরে খ্রীষ্টিয়ানদের মধ্যে বিভেদের বিষয় হয়ে রয়েছে। কোন কোন বিশ্বাসী মনে করে যে দানগুলি এখনকার জন্য আবার কেউ কেউ তা করে না। আমি ব্যক্তিগতভাবে আমার জীবনে এই দানগুলির অভিজ্ঞতা অর্জন করেছি এবং তিরিশ বছরের বেশী সময় ধরে অন্য ভাষায় কথা বলেছি, কাজেই আমি জানি সেগুলি বর্তমানের খ্রীষ্টিয়ানের জন্য প্রযোজ্য। আমাদের যে কোন জিনিসের প্রয়োজন যা আমাদের সাহায্য করবে।

প্রায় সময় লোকেরা যা অভিজ্ঞতা অর্জন করে না অথবা তারা যা বোঝে না তা প্রত্যাখ্যান করে। এটা ভুল। আমাদের বাইবেল পড়া উচিত এবং তা কি বলে তা বিশ্বাস করা উচিত।

আমি আপনাকে সাবধান করি পবিত্র আত্মার উপর মনোযোগ দিতে, তাঁর দানের উপরে নয়। দানগুলি আসবে। কোন কোন ব্যক্তি পরভাষা থেকে অথবা অন্য দানগুলি থেকে তাদের যতটা তৈরী করা উচিত তার চেয়ে বেশী করে। আমরা যখন এক জোড়া জুতো কিনতে যাই, আমরা দোকানে গিয়ে এক জোড়া জুতোর জিভ চাই না। আমরা জুতো চাই এবং তার সাথে জিভ আসে। পবিত্র আত্মার বিষয়েও একই কথা বলা যায়। প্রতিদিন আপনার জীবনে তাঁর উপস্থিতি আরও যাচ্ঞা করুন, এবং ঠিক সময় পরভাষা সেই সাথে অন্যান্য দানগুলিও আসবে।

# ঈশ্বরের উপস্থিতি অন্বেষণ করুন, তাঁর উপহারগুলি নয়

ঈশ্বর আপনার জন্য ভাল জিনিসগুলি করতে চান। তিনি আপনাকে অনেক আশীর্বাদ দিতে চান, কিন্তু এটা গুরুত্বপূর্ণ যে তিনি কে তা আপনি অন্বেষণ করুন এবং কেবলমাত্র তিনি আপনার জন্য কি করতে পারেন তা নয়। ঈশ্বর তুলনাহীন আশ্চর্য্যজনক, এবং তাঁর উপস্থিতির সামনে থাকা পরম বিস্ময়কর। আপনি যখন তাঁর শ্রীমুখ অন্বেষণ করেন, আপনি দেখবেন তাঁর হাত সর্বদা খোলা রয়েছে। আপনি যদি কেবল তাঁর হাতের অন্বেষণ করেন তা তাঁকে অপমানীত করবে। কেউ নয়, এমন কি ঈশ্বরও অন্য কারও ব্যক্তিগত সুযোগের জন্য ব্যবহৃত হতে চান না।

আপনার যে কোন কিছু প্রয়োজন বা আপনি যা চান ঈশ্বরকে বলুন এবং এটা যদি আপনার জন্য সবচেয়ে ভাল হয়, তাঁর সময়ে, তিনি তা আপনাকে দিবেন। কিন্তু সর্বদা মনে রাখবেন যে, আপনার জীবনে অন্য যে কোন জিনিসের চেয়ে, আপনার তাঁকে আরও বেশী প্রয়োজন। আরও তাঁর উপস্থিতি, তাঁর পথ, তাঁর চবিত্র, তাঁর জ্ঞান, তাঁর বোঝার শক্তি, তাঁর ক্ষমতা ইত্যাদি।

ঈশ্বরই সব এবং তাঁকে বাদ দিয়ে আমরা কিছুই নই। যীশু বলেছেন, “আমাকে ছাড়া তোমরা কিছুই করতে পার না।” (যোহন ১৫:৫)

> সব কিছু তো তাঁরই কাছ থেকে ও তাঁরই মধ্যে দিয়ে আসে এবং সব কিছু তাঁরই উদ্দেশে (কারণ সব জিনিস তাঁকে নিয়ে শুরু হয়েছে এবং তাঁর কাছ থেকে এসেছে; সমস্ত জিনিস তাঁরই মাধ্যমে বেঁচে আছে, এবং সমস্ত জিনিস তাঁর কেন্দ্রে আছে এবং নিখুঁতের দিকে যায় এবং তাঁর মধ্যে শেষ করে)। চিরকাল তাঁরই গৌরব হোক! আমেন (তেমনই হোক)।
>
> – রোমীয় ১১:৩৬

# শেখার অনেক কিছু আছে

এই ছোট বইটিতে আপনার শেখার জন্য অনেক বেশী কিছু আছে এবং আমার বলার জন্য সব আছে। আপনার জানা প্রয়োজন আপনার বিশ্বাস কোন মতবাদের উপর ভিত্তি করে আছে এবং খ্রীষ্টীয় ধর্মের ভিত্তিমূলক শিক্ষাগুলি। সাধারণত প্রায় সমস্ত মন্ডলীতে নতুন বিশ্বাসীদের জন্য একটা ক্লাশ থাকে, এবং আমি আপনাকে তেমন একটাতে যোগদান করতে সর্বতোভাবে বলছি। আপনি জানবেন যে যীশুর জন্ম কুমারীর গর্ভে হয়েছিল। আমি জানি এটা অসম্ভব বলে মনে হচ্ছে, কিন্তু যাই হোক এটা সত্যি এবং কেন বোঝা আপনার জন্য গুরুত্বপূর্ণ। আপনি শিখবেন যে আর্থিকভাবে ঈশ্বরকে কিছু ফিরিয়ে দেওয়া গুরুত্বপূর্ণ যেন অন্যের কাছে যারা এখনও তাঁকে জানে না তাদের কাছে সুসমাচার প্রচার করা যেতে পারে। আপনি ত্রিত্বের বিষয়ে শিখবেন, একমাত্র ঈশ্বরের পরিচর্য্যার সত্য, যিনি তিন ব্যক্তির মধ্যে প্রকাশ পেয়েছেন: পিতা পুত্র, এবং পবিত্র আত্মা। আপনি স্বর্গদূতদের পরিচর্য্যার বিষয়ে, যীশুর রক্তের গুরুত্বপূর্ণতা, কিভাবে ঈশ্বরের কাছ থেকে শোনা যায়, ধার্মিকতার মতবাদ, অনুতাপ, এবং অন্যান্য অনেক বিষয়ে শিখবেন।

যদিও এই বইয়ে প্রত্যেকটি বিষয় আমি বলতে পারছি না, তবুও কোন কোন বিষয় আছে যা আমি বলতে চাই কারণ আমি বিশ্বাস করি তা আপনার নতুন জীবনে প্রার্থমিকভাবে গুরুত্বপূর্ণ, অতএব চলুন এগিয়ে যাই।

## ৫ম অধ্যায়

# চিন্তা করার এক নতুন পথ

একেবারে সম্পূর্ণ নতুন উপায়ে চিন্তা করতে শেখা অতিমাত্রায় গুরুত্বপূর্ণ। আপনার এবং আপনার জীবনের জন্য ঈশ্বরের এক ভাল পরিকল্পনা আছে, কিন্তু এ বিষয়ে তাঁর সাথে আপনার এক অঙ্গীকারে প্রবেশ করা আবশ্যক। শয়তানেরও আপনার ও আপনার জীবনের জন্য এক পরিকল্পনা আছে, এবং তা ভাল নয়। চোর (শয়তান) কেবলমাত্র চুরি, হত্যা ও ধ্বংশ করতে আসে (যোহন ১০:১০)। শয়তান আমাদের মনে সব রকমের ভুল চিন্তাগুলি ঢুকিয়ে দেয়, আশা করে যে আমরা সেগুলি বিশ্বাস করব এবং তার সাথে একমত হব। এটা সেই উপায় যেভাবে সে মানুষকে প্রতারিত করে এবং তাদের জীবনে প্রবেশের পথ খুঁজে পায়।

> এখানকার মন্দ জগতের (এই যুগ) চালচলনের মধ্যে (তার বাহ্যিক, উচ্চপর্য্যায়ের রীতি নীতির প্রতি করা এবং মানিয়ে নেওয়া) তোমরা নিজেদের ডুবিয়ে দিয়ো না, বরং ঈশ্বরকে তোমাদের মনকে (নতুন আর্দশ এবং তার নতুন মনোভাব দ্বারা) নতুন করে গড়ে তুলতে গিয়ে সম্পূর্ণ নতুন (পরিবর্তিত) হয়ে ওঠো, যেন তোমরা ঈশ্বরের ইচ্ছা জানতে পার (তোমাদের নিজেদের জন্য)। ঈশ্বরের ইচ্ছা ভাল, সম্পূর্ণ নির্ভুল (তাঁর দৃষ্টিতে তোমার জন্য) এবং তাতে ঈশ্বর সন্তুষ্ট হন। - রোমীয় ১২:২

উপরের শাস্ত্রাংটি পরিস্কারভাবে আমাদের বলে যে আমাদের জীবন পরিবর্তিত হতে পারে না যতক্ষণ না আমাদের চিন্তাধারা পরিবর্তিত হয়। আপনি যদি নতুন জীবন চান, তবে আপনার চিন্তা করার নতুন উপায় থাকতে হবে। আমাদের প্রত্যেকের জন্য ঈশ্বরের এক ভাল পরিকল্পনা আছে, কিন্তু আমরা তখনই দেখব তা বাস্তবে রূপ নিয়েছে যখন আমরা ঠিকমত চিন্তা করার গুরুত্ব শিখব।

## আপনি আপনার চিন্তা নিয়ন্ত্রণ করতে পারেন

এক সময় আমি যেমন ছিলাম সম্ভবত: আপনি আমারই মত এবং ভাবেন যে আপনি যা চিন্তা করেন সেবিষয়ে আপনি কিছু করতে পারেন না। এটা ঠিক নয়। আপনি কি চিন্তা করবেন আর কি চিন্তা করবেন না তা আপনি মনোনীত করতে পারেন, এবং তা আপনার খুব সতর্কতার সঙ্গে করা উচিত। মন যেখানে যায় মানুষ তা অনুসরণ করে। কোন কিছু খাবার বিষয়ে চিন্তা করতে শুরু করার অভিজ্ঞতা আমাদের সকলের আছে। সম্ভবত: আইসক্রিম, এক ধরণের পিঠে, বা অন্য কোন প্রলোভনের খাদ্য। সে বিষয়ে আমরা যত বেশী চিন্তা করি, তত আমরা তা খাবার জন্য দৃঢ় প্রতিজ্ঞ হই। সে বিষয়ে আমরা যদি অনেক লম্বা সময় চিন্তা করি, তবে হয়ত আমরা সত্যি করে ঘর থেকে বেরিয়ে পড়ব এবং তা কিনতে অনেক দূরে যাব, কেবলমাত্র পরে দুঃখিত হব যে আমরা তা খেয়েছি এবং তা পেতে আমাদের সময় ও অর্থ নষ্ট করেছি।

কেউ যদি আমাদের প্রতি কিছু ভুল কাজ করে আর আমরা সে বিষয়ে বার বার করে চিন্তা করি তারা যা করেছিল তা আমাদের আঘাত দিয়েছে, তবে আমরা অনুভব করতে পারি আমরা রেগে যাচ্ছি এবং ভাবাবেগে দুঃখিত হচ্ছি। আমাদের চিন্তা আমাদের ভাবাবেগের উপর প্রভাব ফেলে এবং কথায় পরিণত হয় যখন আমরা কথা বলি।

পরবর্তী সময় যখন আপনি নিজেকে দুঃখিত বা হতাশগ্রস্ত দেখবেন, তখন কেবল নিজেকে জিজ্ঞাসা করুন কি বিষয়ে আপনি চিন্তা করছিলেন, আর আপনি আপনার চিন্তা এবং অনুভূতির মধ্যে এক যোগাযোগ খুঁজে পাবেন।

মন আমাদের যুদ্ধক্ষেত্র যেখানে আমরা শয়তানের সাথে আমাদের যুদ্ধ করি। দ্বিতীয় করিন্থীয় ১০:৪-৫ পদ আমাদের শিক্ষা দেয় যে আমাদের অবশ্যই ভুল চিন্তাগুলি এবং কল্পনাগুলি ফেলে দিতে হবে এবং তাদের যীশু খ্রীষ্টের কাছে বন্দী করে আনতে হবে। তার অর্থ আমাদের ঈশ্বরের বাক্য অনুযায়ী চিন্তা করা উচিত। যে কোন জিনিস যা খ্রীষ্টের শিক্ষার সাথে রাজী হয় না তা আমাদের মন থেকে সরিয়ে ফেলা এবং দিয়াবলের কাছ থেকে মিথ্যা হিসাবে প্রত্যাখ্যান করা উচিত। আপনার শত্রু (দিয়াবল) যদি আপনার মনকে নিয়ন্ত্রণ করতে পারে, তবে সে আপনার জীবন ও ভাগ্যও নিয়ন্ত্রণ করতে পারে।

উদাহরণস্বরূপ, আপনার যদি আত্মহত্যার চিন্তা থাকে, তবে তা ঈশ্বর নন্ যিনি আপনার মনের মধ্যে তা ঢুকিয়ে দিচ্ছেন। তিনি চান আপনি জীবন যাপন করুন এবং আপনার জীবন আনন্দে কাটান। আপনার মধ্যে যদি চিন্তা থাকে যে আপনি ভাল নন বা কেউ আপনাকে ভালবাসেনা, এই চিন্তাগুলি ঈশ্বর থেকে আসছে না কারণ তারা তাঁর বাক্যের সাথে রাজী হয় না।

## না-বাচক চিন্তা

যে কোন প্রকার না-বাচক চিন্তা থেকে সাবধান থাকুন। ঈশ্বরের বিষয়ে বা আপনার জীবনের জন্য তাঁর পরিকল্পনার বিষয়ে কোন কিছুই না-বাচক নেই। গ্লাসটি অর্দ্ধেকটা খালি দেখার চেয়ে অর্দ্ধেকটা পূর্ণ দেখা অনেক ভাল। হাঁ-বাচক হলে তা কখনও কাউকে আঘাত করে না।

এ পর্য্যন্ত আপনার জীবন যেমনই হোক না কেন কিছু এসে যায় না, আপনার ভবিষ্যতের জন্য আপনার এক হাঁবাচক দর্শন থাকা আবশ্যক। ঈশ্বরের সাথে এক অঙ্গীকারবদ্ধ হন এবং বিশ্বাস করুন যে আপনার কাছে ভাল জিনিস ঘটতে যাচ্ছে। আপনি যদি একজন নাবাচক ব্যক্তি হয়ে থাকেন যেমন একসময় আমি ছিলাম, তবে হাঁবাচক চিন্তা করতে কিছু অনুশীলন দরকার হবে। আমি খুব না-বাচক পরিস্থিতির মধ্যে মানুষ হয়েছি এবং সর্বদা বিপদ বা ধংস আশা করতাম, কিন্তু পরে আমি শিখেছি যে আমাদের বিপদ প্রকৃতপক্ষে আমাদের না বাচক চিন্তার মধ্যে দিয়ে আসতে পারে।

দুঃখীর সব দিনগুলোই কষ্টে ভরা (উদ্বেগজনক চিন্তাধারা এবং অমঙ্গলের আশঙ্কা দ্বারা), কিন্তু যার মন খুশী থাকে তার সব দিনই যেন ভোজের দিন (পরিস্থিতি যাই হোক না)।

- হিতোপদেশ ১৫:১৫

প্রথম বার পবিত্র আত্মা যখন আমাকে এই শাস্ত্রের অংশটির কাছে চালিত করেছিলেন তখন আমি অমঙ্গলের আশঙ্কা কি জানতাম না, কিন্তু আমি জেনেছিলাম যে সেগুলি না-বাচক এবং ভয়পূর্ণ চিন্তা যে কোন কিছু খারাপ ঘটতে যাচ্ছে। আমাকে স্বীকারও করতে হয়েছিল যে বেশীরভাগ সময় আমি যা আশা করেছিলাম তাই কেবল পাচ্ছিলাম, যা ছিল বিপদ। আমি আমার জীবন পরিবর্তন করতে চেয়েছিলাম এবং বুঝতে পারি নি কেন ঈশ্বর তা পরিবর্তন করছিলেন না, কিন্তু আমি সবশেষে জানতে পেরেছিলাম যে তিনি আমার জীবন পরিবর্তিত করার পূর্বে আমাকে আমার চিন্তা পরিবর্তিত করতে হবে।

কোন জিনিসের বিষয়ে না বাচক হবেন না .... আপনার ভবিষ্যতের বিষয়ে নয় অথবা এমন কি আপনার অতীতের বিষয়েও নয়। আপনার জীবনের জন্য ঈশ্বরের সর্বমোট পরিকল্পনায় আপনার অতীত কাজ করা যেতে পারে যদি আপনি ঈশ্বরের উপর নির্ভর করেন। যে সব ভুল আপনি করেছেন তা সবই আপনাকে এক সবচেয়ে ভাল এবং জ্ঞানী ব্যক্তি তৈরী করতে পারে। সেসব ভুলগুলি থেকে আপনি শিখতে পারেন এবং সিদ্ধান্ত নিতে পারেন যে একই ভুল আবার করবেন না। আপনার অর্থ, বন্ধুবান্ধব, পরিবার, আপনার চেহারা, যে চাকরী আপনার আছে বা নেই, আপনি কোথায় বাস করেন, কি রকম গাড়ী আপনি চড়ে বেড়ান, অথবা অন্য যে কোন কিছুর বিষয়ে না-বাচক হবেন না। এক হাঁবাচক মনোভাব তৈরী করুন, এবং তা আপনাকে এক হাঁবাচক এবং ক্ষমতাপূর্ণ জীবন পেতে সাহায্য করবে।

## দুশ্চিন্তা করবেন না বা উদ্বিগ্ন হবেন না

দুশ্চিন্তা এবং উদ্বিগ্নতা চিন্তা করার দুটো আকার যেগুলি খারাপ। দুশ্চিন্তা একেবারে ভাল করে না, কিন্তু তা প্রচুর ক্ষতি করতে পারে। আপনার সমস্ত দুশ্চিন্তা ঈশ্বরের

উপর নির্ভর করার সাথে পরিবর্তন করুন যে তিনি আপনার সমস্যার বিষয় চিন্তা করেন। দুশ্চিন্তা আপনার বয়সের চেয়ে আপনাকে দেখতে বয়স্ক লাগে, আপনাকে মাথাব্যাথা দেয় এবং পেটের গন্ডোগোল হয়, আর এমন কি অন্যের সাথে চলতে আপনার সমস্যা হয়। এটা আপনার জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনা নয়।

প্রথমে দুশ্চিন্তা না করা দুরূহ হতে পারে কারণ আপনি আপনার নিজের জন্য চিন্তা করতে এবং পরবর্তীতে আপনার কি করা উচিত তা কল্পনা করে নিতে অভ্যস্থ হয়ে গিয়েছেন, কিন্তু মনে রাখবেন যে আপনি এখন জীবন ধারণের এক নতুন উপায় শিখছেন।

যে সব লোকেদের ঈশ্বরের সাথে কোন সম্পর্ক নেই তারা অনুভব করতে পারে তাদের দুশ্চিন্তা করতে হবে, কিন্তু আপনাকে করতে হবে না। ঈশ্বর আপনার পক্ষে আছেন, আর তিনি বলেন যে আপনি আপনার সমস্ত চিন্তা ভাবনার ভার তাঁর উপর ফেলে দিতে পারেন এবং তিনি আপনার জন্য চিন্তা করবেন (১ পিতর ৫:৭)।

উদ্বিগ্নতার অর্থ হলো যে আমরা আজকের দিনটি আগামীকালের বিষয়ে দুশ্চিন্তা করে কাটাচ্ছি। যীশু তা করতে না করেছেন কারণ প্রত্যেক দিনেই সে দিনের জন্য যথেষ্ট কষ্ট আছে (মথি ৬:৩৪)। যখন তা করবার সময় আসে তখন আপনি জানবেন কি করতে হবে, কিন্তু সম্ভবতঃ সে সময় না আসা পর্য্যন্ত আপনি তা জানবেন না। ঈশ্বর চান যে আপনি তাঁর উপর নির্ভর করতে শিখুন। তিনি কখনও দেরী করেন না, কিন্তু তিনি সাধারণতঃ আগেও থাকেন না। নতুন বিশ্বাসীদের জন্য, এই অপেক্ষা সাধারণভাবে দুরূহ কারণ এতে তাঁরা অভ্যস্থ নন। যাইহোক, কিছুক্ষণ পর, আপনি তা ভালবাসতে শুরু করবেন। আপনার মন আরামে থাকবে এবং আপনি প্রত্যেকটি দিন পরবর্তী দিনের বিষয়ে চিন্তা না করে সম্পূর্ণ স্বাধীনভাবে জীবনযাপন করবেন।

প্রত্যেকবার আপনি যখন দুশ্চিন্তা করতে পরীক্ষিত হবেন, তখন দিয়াবলকে কেবল মনে করিয়ে দিন যে আপনি ঈশ্বরের সন্তান এবং তিনি আপনার জন্য চিন্তা করবেন বলে প্রতিজ্ঞা করেছেন।

আপনার মনের পরিবর্তনের পথটি ঈশ্বরের বাক্য অধ্যয়ন এবং ধ্যান করার মধ্যে খুঁজে পাওয়া যায়। এটা ঠিক এবং ভুল চিন্তার মধ্যে পার্থক্য জানার পথ। উদাহরণস্বরূপ,

এক ব্যক্তি মনে করতে পারে সারা জীবন ধরে তাদের গরীবই থাকতে হবে তার একমাত্র কারণ দারিদ্র্যতা সব সময়ই তাদের পরিবার থেকে এসেছে, কিন্তু আপনি ঈশ্বরের বাক্যে আবিস্কার করবেন যে এটা সাধারণভাবে একেবারে সত্যি নয়। ঈশ্বরের সাহায্যে এবং আপনার অর্থনৈতিক জীবনে তাঁর নীতি প্রয়োগ করে আপনি দারিদ্র্যতার চাকা ভেঙে ফেলতে পারেন এবং আপনার জীবনের প্রতিটি ক্ষেত্রে যথেষ্টের চেয়েও বেশী থাকতে পারে। ঈশ্বরের বাক্য বলে যে সমস্ত কিছু উপরে তিনি চান যে আপনি উন্নতি করেন এবং সুস্থ থাকেন, এমনকি আপনার অন্তর যেমন উন্নতি করে (৩ যোহন ২)। আপনি যখন আপনার অন্তরে পরিপক্ক হন এবং ঈশ্বরের প্রতি বাধ্যতায় চলেন, তিনি তখন আপনাকে প্রত্যেকটি ভাল জিনিস দেবেন যা আপনি ঠিকমত রক্ষণাবেক্ষণ করতে পারেন এবং বুদ্ধিপূর্বক ব্যবহার করতে পারেন।

ঈশ্বর আপনার প্রয়োজন মেটাবেন এবং আপনাকে ভয়ে বাস করতে হবে না। আপনার যদি চাকরীর প্রয়োজন হয়, আপনি প্রার্থনা করতে পারেন এবং তিনি আপনাকে কাজ পেতে সাহায্য করবেন। তিনি আপনাকে দয়া করবেন এবং আপনি যা কিছু স্পর্শ করবেন সেখানেই প্রত্যেকটি জিনিসে সফলতার কারণ হবে।

যীশু চান যে আপনার ভাল জীবন থাকে। তিনি মারা গিয়ে আপনাকে যে জীবন দিয়েছেন তা আপনি উপভোগ করুন তিনি তা চান। জ্ঞান নিন, বুঝতে শিখুন, ভাল ও মন্দ জানুন এবং সিদ্ধান্ত নিতে স্বাধীন হন। জ্ঞানবিহীন মানুষ ধংস হয়, কাজে তা যাচ্ঞা করুন। যীশু খ্রীষ্ট ঈশ্বর থেকে আমাদের জ্ঞান (১ করিন্থীয় ১:৩০)। তাঁকে বলুন যেন তিনি আপনার মধ্যে বেড়ে উঠতে জ্ঞানের কারণ হন এবং আপনার মনকে আলোকিত করেন যেন আপনি তাঁর পথে চলতে পারেন। ‘‘কারণ প্রবাল পাথরের চেয়েও সুবুদ্ধি বেশী দামী; তোমার চাওয়ার মত কোন জিনিসের সঙ্গে আর তুলনা হয় না।’’ (হিতোপদেশ ৮:১১)।

আমার সবচেয়ে বেশী বিক্রীত বই *ব্যাটলফিল্ড অব দ্য মাইন্ড*। আমি যত তাড়াতাড়ি সম্ভব আপনাকে তা পড়তে বলছি। মনে রাখবেন, আপনার চিন্তাধারা নতুন করা সম্ভবতঃ কিছু সময়ের জন্য এক যুদ্ধ বলে মনে হতে পারে, কিন্তু ছাড়বেন না। যারা পরিশ্রম সহকারে ঈশ্বরের অন্বেষণ করে তারা পুরস্কৃত হবে।

## ৬ষ্ঠ অধ্যায়

# কথা বলার নতুন পথ

কথা হলো ক্ষমতার পাত্র। সেগুলি হয় সৃজনকারী অথবা ধংসকারী ক্ষমতা বহন করে। সৃষ্টির শুরুতে, যখন ঈশ্বর কথা বলেছিলেন, তিনি ভাল ভাল জিনিস সৃষ্টি করেছিলেন, আর আমাদের তাঁর আদর্শ অনুসরণ করা উচিত।

> মানুষ (নৈতিকতা) তার কথার দ্বারা যে ফল লাভ করে তাতে তার অন্তর ভরে যায়; তার কথার ফলে সে যা পায় তা তাকে তৃপ্ত (ভাল বা মন্দ হোক) রাখে।
>
> মুখের কথার উপর নির্ভর করে জীবন ও মৃত্যু; যারা উপযুক্ত কথা বলতে ভালবাসে তারা তার ফল লাভ করবে (মৃত্যু অথবা জীবনের জন্য)।
>
> – হিতোপদেশ ১৮:২০-২১

এই শাস্ত্রাংশ সতর্কতার সঙ্গে অধ্যায়ণ আমাদের সাধারণভাবে বলে যে আমাদের কথার ফলাফল আছে। কোনটা ভাল আনে এবং অন্যটা মন্দ আনে। আমরা যখন কথা বলার জন্য মুখ খুলি, তখন আমাদের কথার ক্ষমতা আমাদের জানা প্রয়োজন। আমাদের চিন্তাগুলি আমাদের কথায় পরিণত হয়, এবং এটাই প্রধান কারণগুলির মধ্যে একটি যেখানে শয়তান আমাদের মনে নাবাচক চিন্তা ঢুকিয়ে দেয়। সে জানে আমরা যদি সেগুলি আমাদের নিজেদের চিন্তা হিসাবে নিই পরে সেগুলিই আমরা বলব এবং তা তাকে আমাদের জীবনে নোংরা কাজ করতে যে খোলা দরজার প্রয়োজন তা দেবে।

যে তার মুখ ও জিভ সাবধানে রাখে সে বিপদ থেকে নিজেকে রক্ষা করে।
– হিতোপদেশ ২১:২৩

পৃথিবীতে সবচেয়ে বড় প্রলোভন হলো আমরা যা দেখি এবং অনুভব করি সে বিষয়ে কথা বলা, কিন্তু ঈশ্বর চান যেন আমরা সে বিষয় কথা বলি যা আমরা পেতে পারি বলে তাঁর বাক্যে বলেছে। আমি পরামর্শ দিচ্ছি না যে আপনি আপনার পরিস্থিতিটি অবজ্ঞা করেন, কিন্তু আমি বলছি যে আপনি তা থেকে জয়লাভ করতে পারেন, এবং আপনার সমস্যাগুলির সময় কিভাবে আপনি কথা বলেন তা এতে অনেক কিছু করে।

ইস্রায়েলীয়রা চল্লিশ বছর প্রান্তরে কাটিয়েছিল এগার-দিনের এক যাত্রা তৈরী করতে চেষ্টা করছিল। তারা একই পর্বতের চারিদিকে বার বার করে ঘুরছিল, কোন উন্নতিই করতে পারে নি। তাদের অনেক সমস্যা ছিল এবং সবচেয়ে বড় সমস্যাগুলির মধ্যে একটা ছিল অনুযোগ করা। জিনিসগুলি যখন তাদের পক্ষে যায়নি তার প্রত্যেকটি সময় তারা বচসা ও অনুযোগ করেছিল। ঈশ্বর চান আমরা যখন জীবনের প্রান্তরে থাকি কি পর্বতের উপরে থাকি তখন যেন আমরা তাঁর প্রশংসা করি এবং তাঁকে ধন্যবাদ দিই। অসুবিধার সময় আমরা যা বলি তা নির্ণয় করতে সাহায্য করে যে কত দিন আমরা সে ফাঁদে পড়ে থাকব।

এটা আপনার শুনতে আশ্চর্য্য মনে হতে পারে, কিন্তু আপনার কথায় অবশ্যই ক্ষমতা আছে। রোমীয় ৪:১৭ পদে বলে যে আমরা এমন ঈশ্বরের সেবা করি যিনি সেইসব জিনিসগুলি আহ্বান করেন যার অস্তিত্ব নেই অথচ মনে হবে যে তার এরই মধ্যে অস্তিত্ব আছে। ঈশ্বর যা ঘটাতে চান তা দেখেন এবং সে বিষয়ে কথা বলেন যেন তা এরই মধ্যে ঘটে গিয়েছে। এটা করতে, আপনাকে বিশ্বাসের চোখ দিয়ে দেখতে হবে। বিশ্বাস বাস্তব হিসাবে কাজ করে যা কিনা স্বাভাবিকভাবে তখনও দেখতে বা অনুভব করতে পারা যায় না। বিশ্বাস ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি নেয় এবং এমনভাবে কাজ করে যে সেগুলি সত্য!

যদি আমাদের সমস্যা থাকে এবং আমরা প্রকৃতই বিশ্বাস করি যে ঈশ্বর আমাদের মুক্ত করবেন, আমরা এখন খুশী থাকতে পারি। যতক্ষণ না আমরা পরিবর্তন দেখতে

পাই ততক্ষণ আমাদের অপেক্ষা করতে হবে না কারণ বিশ্বাসের দ্বারা তা আমাদের আছে। আমরা একেবারে অতি গভীরে জানি যে ঈশ্বর আমাদের পক্ষে কাজ করছেন।

ভাববাদী যিহিষ্কেল যখন চতুর্দ্দিকে তাকিয়েছিলেন তিনি যা দেখেছিলেন তা ছিল মৃতদেহ, শুকনো হাড় এবং ঈশ্বর তাঁকে জিজ্ঞাসা করেছিলেন সেগুলি আবার জীবিত করা যেতে পারে কি না। যিহিস্কেল উত্তরে দিয়েছিলেন, ''ও, প্রভু, একমাত্র তুমি জান।'' তার উত্তর, ঈশ্বর তাঁকে ঐ হাড়গুলোর প্রতি ভাববাণী (বলতে) করতে এবং প্রভুর বাক্য শুনতে তাদের বলতে বলেছিলেন। যিহিস্কেলকে যেমন আদেশ করা হয়েছিল তেমনই তিনি ভাববাণী বলে ছিলেন, আর হাড়গুলি ফিরে এসে একসাথে জোড়া লাগতে শুরু করে দিল। তাদের উপর মাংস ও চামড়া এল এবং তারা বিরাট সৈন্যদলের মত পায়ে ভর দিয়ে উঠে দাঁড়িয়েছিল (যিহিস্কেল ৩৭ অধ্যায়)। ঈশ্বরের বাক্যের ক্ষমতার কি বিরাট এক উদাহরণ।

## ঈশ্বরের বাক্য জোরে জোরে বলা

আমি প্রত্যেক জায়গায় মানুষদের ঈশ্বরের বাক্য জোরে জোরে বলতে শিক্ষা দিই এবং তাদের দৈনিক আত্মিক শৃঙ্খলার অংশ হিসাবে ইচ্ছাপূর্বক তা করতে বলি। এটা সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিসের মধ্যে একটি জিনিস যা ঈশ্বর আমাকে শিখিয়েছেন, এবং আমি বলতে পারি যে তা আমার মনকে নতুনীকৃত করতে এবং আমার জীবনকে ফিরিয়ে আনতে সাহায্য করেছে।

ঈশ্বরের বাক্য আত্মার খড়্গ। এটা সবচেয়ে মহান অস্ত্র যা আপনাকে শয়তানের বিরুদ্ধে ব্যবহার করতে হবে। শয়তান ঈশ্বরের বাক্যকে ভয় পায় এবং কাঁপে। লূক ৪ অধ্যায়ে আমরা একটা সময় দেখি যখন যীশু শয়তানের দ্বারা পরীক্ষিত হয়েছিলেন। তিনি প্রান্তরে ছিলেন, অনেক দিন যাবৎ তিনি কিছুই খান নি, আর শয়তান তাঁর মনের মধ্যে চিন্তাগুলি ঢুকাতে শুরু করেছিল। প্রত্যেকবার শয়তান যীশুর কাছে মিথ্যা বলেছিল, যীশু একথা বলে উত্তর দিয়েছিলেন, ''লেখা আছে'', আর তারপরে জোরে শাস্ত্র থেকে বলেছিলেন যা মিথ্যাকে ভুল বলে প্রমাণিত করেছিল। যখন আমরা তাঁর আদর্শ অনুসরণ করতে শিখি, আমরা তখন ভালভাবে জয়ের পথে এগিয়ে যাই।

আপনি কি যা বলেন তার প্রতি মনোযোগ দাওয়া শুরু করতে ইচ্ছুক? যদি আপনি ইচ্ছুক হন, তবে বাকী আমাদের মত, আপনি দেখবেন, আপনি অনেক জিনিসের বিষয় কথা বলেন যা আপনি নিশ্চয় করে চান না যে আপনার জীবনে তা ঘটুক। আমি বিশ্বাস করি আমরা যে ভাবে কথা বলি তার দ্বারা আমরা আমাদের শান্তি ও আনন্দের স্তর বাড়াতে বা কমাতে পারি। যদি আমি ঠিক হই, তবে কোনকিছু বলুন না কেন যা আপনাকে দুঃখিত হওয়ার পরিবর্তে সুখী করবে?

বিশ্বাসে কথা বলা আপনার নতুন জীবনের অংশ, কাজেই এখনই শুরু করুন। আপনি জিনিসগুলি এভাবে বলতে পারেন:

ঈশ্বর আমাকে ভালবাসেন এবং আমার জীবনের জন্য তাঁর এক সুন্দর পরিকল্পনা আছে।
আমি যেখানেই যাই প্রত্যেক জায়গায় অনুগ্রহ আছে।
যে কোন জিনিসের উপর আমি আমার হাত রাখি তা উন্নতি করে এবং সফলতা লাভ করে।
ঈশ্বর আমার জন্য ঠিক দরজাটা খুলে দেন এবং ভুল দরজাটা বন্ধ করে দেন।
আমি জ্ঞানে চলি।
আমি শান্তি দিয়ে পূর্ণ।
আমি আনন্দিত।
আমি প্রেমে চলি।
আজ আমার কোন কিছু ভাল হতে যাচ্ছে।
আমার সব ছেলেমেয়েরা ঈশ্বরকে ভালবাসে এবং তাঁর পরিচর্য্যা করে।
আমার বিবাহিত জীবন প্রত্যেক দিন ভাল হয়।
আমি যেখানেই যাই প্রত্যেক জায়গায় আশীর্বাদ যুক্ত হই।

তালিকাটি প্রকৃতই শেষ নেই এমন হতে পারে। কেবলমাত্র নিশ্চিত হন যে আপনি যা বলছেন তা ঈশ্বরের বাক্য বলে। ঈশ্বরের সাথে চুক্তিতে আবদ্ধ হলে তা আপনার কাছে এক সম্পূর্ণ নতুন জগত খুলে দেবে। তা ঈশ্বরের পরিকল্পনাকে কার্য্যে পরিণত করবে, এবং সেখানে কিছুই থাকবে না যা শয়তান থামাতে পারবে।

## ৭ম অধ্যায়

# আপনার নিজের দিকে তাকাবার এক নতুন পথ

আপনি নিজেকে কিভাবে দেখেন ? আপনার আত্ম-প্রতিচ্ছবি একটা ফটোর মত যা আপনি আপনার হৃদয়ের থলিতে নিয়ে ঘুরে বেড়ান। অনেক বছর মানুষের কাছে পরিচর্য্যা করার মাধ্যমে আমি আবিস্কার করেছি যে তাদের মধ্যে বেশীরভাগই নিজেদের বেশী পছন্দ করে না। অনেক বছর ধরে আমার নিজের সাথে এক খারাপ সম্পর্ক ছিল এবং তা আমার জীবনের প্রত্যেকটি জিনিস বিষাক্ত করে তুলেছিল। ঈশ্বর আপনাকে ভালবাসেন এবং তিনি চান আপনিও নিজেকে ভালবাসুন। তা স্বার্থপর বা আত্ম-কেন্দ্রিক উপায়ে নয়, কিন্তু এক সুস্থ্ উপায়ে। আপনার যা নেই তা আপনি দিয়ে দিতে পারেন না। ঈশ্বর আমাদের ভালবাসেন এবং তিনি চান সেই ভালবাসা যেন প্রথমে আমাদের সুস্থ্ করে তোলে এবং পরে আমাদের মধ্যে দিয়ে অন্য লোকের কাছে প্রবাহিত হয়। আপনি নিজেকে যথাযথভাবে ভালবাসার দ্বারা যদি ভালবাসাটি প্রত্যাখ্যান করেন যা ঈশ্বর আপনার জন্য রেখেছেন, তবে আপনি কখনই অন্যকে প্রকৃতই ভালবাসতে পারবেন না।

আপনার নিজের বিষয়ে মতামতটি কি আপনার সম্পাদিত কর্মের উপর ভিত্তি করা ? আমাদের বেশীরভাগেরই ঐ একই ব্যাপার, আর আমাদের মতামত ভাল হতে পারে না কারণ আমাদের সম্পাদিত কাজটি অনবরত ভাল হয় না। আমরা অশুদ্ধ মানব জাতি এবং আমরা ভুল করি। আমরা জিনিসগুলি ঠিক করতে চাই কিন্তু আমরা

সর্বদা গুলিয়ে ফেলি মনে হয়। ঠিক এজন্যই আমাদের যীশুকে প্রয়োজন। আমাদের দুর্বলতায় তিনি সবচেয়ে শুদ্ধভাবে তাঁর শক্তি তিনি দেখান।

আপনি ঈশ্বরের কাছে বিস্ময় নন। তিনি যখন তাঁর সাথে সম্পর্ক করতে আপনাকে আমন্ত্রণ জানিয়েছিলেন তখন তিনি জানতেন আপনি কিসের মত ছিলেন। আমরা জীবনে যা ভুল করি তা প্রত্যেকটি তিনি ইতিমধ্যে জানেন, এবং তিনি তাও আমাদের ভালবাসেন এবং ইচ্ছা করেন। আপনার নিজের উপর অত কঠিন হবেন না। দৈনিকভাবে ঈশ্বরের দয়া গ্রহণ করতে শিখুন। প্রত্যেক দিন উঠুন এবং ঈশ্বরের গৌরবের জন্য যতটা ভাল করতে পারেন ততটাই করুন। যতটা ভাল করতে পারেন কারণ আপনি ঈশ্বরকে ভালবাসেন, আপনাকে ভালবাসতে তাঁকে পাওয়া নয়। তিনি যতটা ভালবাসতে ইচ্ছা করেছেন তিনি ইতিমধ্যে আপনাকে ততটাই ভালবেসেছেন, আর আপনার জন্য তাঁর ভালবাসা সিদ্ধ। প্রত্যেকটি দিনের শেষে, আপনার সমস্ত পাপ ও ভুলের জন্য ঈশ্বরকে বলুন আপনাকে ক্ষমা করে দিতে, রাতে ভালভাবে ঘুমান, পরের দিন নতুনভাবে শুরু করুন।

শয়তান আপনার বিপক্ষে, কিন্তু ঈশ্বর আপনার পক্ষে। আপনার ঈশ্বরের পক্ষে থাকা প্রয়োজন কারণ যখন দুজনে একমত হয়, তারা শক্তিশালী হয়। আপনি ঈশ্বরের দৃষ্টিতে মূল্যবান, এবং আপনার অনেক গুণ আছে যা ঈশ্বরের কাছে ব্যবহারযোগ্য হবে। কেবলমাত্র সেসব জিনিসের দিকে দৃষ্টি দেবেন না যা আপনি মনে করেন আপনার কাছে ভুল। আপনাকে কতদূর যেতে হবে সেদিকে দৃষ্টি দেবেন না-আপনি কতদূর এসেছেন তার দিকেও দৃষ্টি দিন। আপনি এখন যীশু খ্রীষ্টেতে একজন বিশ্বাসী, এবং এটাই জীবনে প্রতিটি আশ্চর্য্য জিনিসের শুরু।

## ধার্ম্মিকতা বুঝতে পারা

ধার্মিকতা (ঈশ্বরের সাথে ঠিক সম্পর্ক) যীশুতে বিশ্বাস স্থাপনের মাধ্যমে আসে, আমাদের নিজেদের কাজের মাধ্যমে নয়। এটা ঈশ্বরের একটি উপহার এবং যখন আপনি যীশুকে আপনার পরিত্রাতা হিসাবে গ্রহণ করেন সে সময় এটা দেওয়া হয়।

শাস্ত্রে অনেকগুলি অংশ আছে যেগুলি এটাকে প্রমাণ দেয়। আপনার উৎসাহের জন্য আমি কয়েকটার তালিকা করব:

> যীশু খ্রীষ্টের মধ্যে কোন পাপ ছিল না; কিন্তু ঈশ্বর আমাদের পাপ তাঁর উপর তুলে দিয়ে তাঁকেই পাপের জায়গায় দাঁড় করালেন, যেন খ্রীষ্টের সঙ্গে যুক্ত থাকবার দরুন ঈশ্বরের পবিত্রতা (আমাদের যা হওয়া উচিত, অনুমোদনযোগ্য এবং গ্রহণযোগ্য এবং তাঁর সাথে ঠিক সম্পর্কযুক্ত, তাঁর মঙ্গলস্বভাবের দ্বারা) আমাদের পবিত্রতা হয় (সহ্য করা হয়, হওয়া হিসাবে দেখা হয়, এবং আদর্শের হয়)। – ২ করিন্থীয় ৫:২১

বা: ! কি মহান শাস্ত্রের অংশ ! খ্রীষ্ট পাপবিহীন ছিলেন, তথাপি আমাদের জন্য তাঁর ভালবাসার কারণে তিনি আমাদের পাপ তুলে নিয়েছিলেন যেন পিতা ঈশ্বরের সাথে আমাদের এক মহৎ সম্পর্ক তৈরী হয়। ঈশ্বর এখন আমাদের অনুমোদনযোগ্য ও গ্রহণযোগ্য এবং তাঁর সাথে ঠিক সম্পর্কযুক্ত হিসাবে দেখেন কারণ আমরা যীশুকে আমাদের পরিত্রাতা হিসাবে গ্রহণ করেছি। আমাকে আবার বলতে হবে . . .বা: !

ঈশ্বর অসন্তুষ্ট এবং ক্রোধী সেই ভয়ে ভীত হওয়ার পরিবর্তে, আমরা "খ্রীষ্টেতে" তাঁর সামনে দাঁড়াতে পারি এবং জানি যে আমরা গ্রহণযোগ্য হয়েছি।

> আইনকানুন পালন করলেই যে ঈশ্বর মানুষকে নির্দোষ (ধার্মিক, মুক্ত এবং বিচারে গ্রহণযোগ্য করা হয়েছে) বলে গ্রহণ করবেন তা নয়, কিন্তু আইনকানুনের (প্রকৃত কাজ) মধ্যে দিয়েই মানুষ নিজের পাপের বিষয়ে চেতনা লাভ করে (কেবল উপলব্ধি নয়, কিন্তু পাপের সাথে এক পরিচয় যা অনুতাপ, বিশ্বাস এবং পবিত্র চরিত্রের প্রতি কাজ করে)। – রোমীয় ৩:২০

> যারা যীশু খ্রীষ্টের (মশীহ) উপর বিশ্বাস করে তাদের সেই বিশ্বাসের মধ্যে দিয়েই ঈশ্বর তাদের নির্দোষ বলে গ্রহণ করেন। – রোমীয় ৩:২২

> কিন্তু তবুও আমরা এই কথা জানি যে, আইন-কানুন পালনের জন্য ঈশ্বর মানুষকে নির্দোষ বলে গ্রহণ করেন না, বরং যীশু খ্রীষ্টের উপর বিশ্বাসের জন্যই তা করেন। সেইজন্য আমরাও খ্রীষ্ট যীশুর উপর বিশ্বাস করেছি, যেন আইন-কানুন পালনের জন্য নয় বরং খ্রীষ্টের উপর বিশ্বাসের জন্যই আমাদের নির্দোষ বলে গ্রহণ করা হয়, কারণ আইন-কানুন পালন করবার ফলে কাউকেই নির্দোষ বলে গ্রহণ করা হবে না। – গালাতীয় ২:১৬

আপনার আত্মিক উন্নতির জন্য এটা গুরুত্বপূর্ণ যে যীশু খ্রীষ্টে আপনার বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের সামনে ঠিক সম্পর্কযুক্ত ব্যক্তি হিসাবে আপনি নিজেকে দেখুন। এটা ঈশ্বরের কাছ থেকে একটি উপহার। যদি আমরা সর্বদা নিজেদের বিষয়ে খারাপ অনুভব করি, ভাবি যদি ঈশ্বর আমাদের উপর রাগ করেছেন, তবে আমরা ক্ষমতাটি হারাই যা ঈশ্বর চান যেন আমরা তার উপর নির্ভর করে চলি। যীশুতে বিশ্বাসী হিসাবে দিয়াবলের উপর আমাদের কর্তৃত্ব আছে, কিন্তু আমাদের ঈশ্বরের সামনে ধার্মিকতা পরিধান করে দাঁড়াতে হবে, দোষ ও নিন্দার জীর্ণ বস্ত্র পরে নয়।

ইফিষীয় ৬ অধ্যায়ে প্রকৃতপক্ষে বলে যে আমাদের ধার্মিকতার বুকপাটা পরতে হবে। সৈনিকের জন্য, বুকপাটা তার হৃদয়কে ঢেকে রাখে। আপনি আপনার নিজের সম্পর্কে প্রকৃতই কি বিশ্বাস করেন ? বিশ্বাসের দ্বারা কি আপনি নির্ভর করতে পারেন যে আপনি ঈশ্বরের সাথে ঠিক সম্পর্কযুক্ত ? আপনি পারেন, যদি আপনি যীশু আপনার জন্য কি করেছেন তার প্রতি দৃষ্টি রাখেন এবং যা ভুল করেন তার প্রত্যেকটির প্রতি নয়। আপনি ভুল করবেনই এবং যখন করেন, তাড়াতাড়ি অনুতপ্ত হন এবং ঈশ্বরের ক্ষমা গ্রহণ করুন। এটাই একমাত্র পথ আমরা ধার্ম্মিকতায় চলতে পারি। এটা আমাদের ধার্মিকতা নয় যে আমরা চলি কারণ আমাদের ধার্ম্মিকতা মলিন বস্ত্রের মত, কিন্তু আমরা যীশু খ্রীষ্টে আমাদের বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের ধার্ম্মিকতায় চলতে পারি এবং চলা উচিত।

এই আশ্চর্য্য নতুন মনোভাবটি এখন আপনার নিজের প্রতি থাকতে পারে যা যীশুতে বিশ্বাসী হিসাবে আপনার ‘‘নতুন জীবন’’ প্যাকেজের অংশ।

# আপনি নিজেকে উপভোগ করা

এখন আপনি নিজেকে উপভোগ করতে স্বাধীন, এবং এটা ঈশ্বরের ইচ্ছা যে আপনি তা করেন। অন্যেরা আপনার বিষয়ে কি বলে বা বলেছে তার উপর ভিত্তি করে নিজের মান এবং মূল্যবোধ করবেন না। লোকেরা কিভাবে আপনার সাথে ব্যবহার করেছে বা জীবনে আপনার সম্পাদিত কাজের উপর তা নির্ভর করবেন না। ঈশ্বর ভেবেছিলেন আপনি এত মূল্যবান ছিলেন যে তাঁর পুত্রকে আপনার জন্য মরতে পাঠিয়েছিলেন, আর সেটাই আনন্দ করার কারণ।

বাইবেল সাধারণভাবে আমাদের শিক্ষা দেয় যে ঈশ্বর চান যেন আমরা জীবন উপভোগ করি, এবং তা সম্ভব নয় যদি না আপনি নিজেকে উপভোগ করেন। আপনি এমন একজন ব্যক্তি যিনি কখনওই সরে যান না, এমন কি এক মুহূর্তের জন্যও নয়। আপনি যদি নিজেকে উপভোগ না করেন, আপনি তবে দুঃখময় জীবনে আছেন।

আমার মত, আপনি সম্ভবত: অন্য লোকদের চেয়ে ভিন্ন যা আপনি জানেন, কিন্তু তা ঠিক আছে। এটা প্রকৃতই কোন কিছু যা ঈশ্বর ইচ্ছা করে করেছিলেন। তিনি আমাদের সকলকে একটু আলাদা করে সৃষ্টি করেন। তিনি বিভিন্নতা পছন্দ করেন। আপনি অদ্ভুদ নন; আপনি প্রথমে অপূর্ব এবং জিনিসগুলির চেয়ে অধিক মূল্যবান, যা কেবল অন্য কোন কিছুর নকল।

অন্যের সাথে নিজেকে তুলনা করবেন না এবং তাদের সাথে প্রতিযোগীতা করে আপনার জীবন কাটাবেন না (২ করিন্থীয় ১০:১২)। নিজের মত থাকুন এবং আপনি কে তা জেনে আনন্দ করুন। ঠিক আমাদের বাকী সকলের মত আপনাকে ক্ষেত্রগুলি পরিবর্তন করা প্রয়োজন, এবং আপনার মধ্যে ঐ পরিবর্তনগুলি আপনার জীবনের বাকীটায় কাজ করতে পবিত্র আত্মা ব্যস্ত থাকবেন। সুসংবাদ এই যে আপনি আনন্দ উপলব্ধি করতে মুক্ত যখন কাজ এগিয়ে চলেছে।

## ৮ম অধ্যায়

# ভয়ের বিনিময়ে বিশ্বাস

আমরা সবাই জানি ভয় কিসের মত অনুভব হয়। এটা অত্যাচারী এবং আমাদের উন্নতিতে বাধা দেয়। ভয় আমাদের ঝাঁকুনি দিতে, ঘামতে, দুর্বল বোধ করতে দেয়, এবং যে সব বিষয়ের আমাদের সম্মুখীন হওয়া উচিত তা থেকে আমাদের দৌড়বার কারণ হয়।

ভয় ঈশ্বর থেকে নয়। এটা আমাদের ভাল জীবন-যাপন করা থেকে যা ঈশ্বর চান আমরা যাপন করি তা বাধা দিতে শয়তানের এক অস্ত্র (২ তীমথিয় ১:৭)। ঈশ্বর চান আমরা যেন বিশ্বাসে বাস করি। বিশ্বাস হলো ঈশ্বরের ক্ষমতা, জ্ঞান, এবং মঙ্গলভাবে সম্পূর্ণ নির্ভরতা এবং আস্থায় ঈশ্বরের উপর আমাদের সম্পূর্ণ ব্যক্তিত্ব নিয়ে ঝুঁকে পড়া। এটা হোল সে সব জিনিসের প্রমাণ যা আমরা দেখতে পাই না এবং তাদের বাস্তবতার দৃঢ় বিশ্বাস।

বিশ্বাস আত্মিক ক্ষেত্রে কাজ করে। আপনি হয়ত যা দেখতে পান এবং অনুভব করেন কেবলমাত্র তার উপর বিশ্বাস করতেই অভ্যস্ত, কিন্তু একজন ঈশ্বরের সন্তান হিসাবে আপনি যা দেখতে পান না (আত্মিক ক্ষেত্রে ) সেই ক্ষেত্রে বাস করতে সান্ত্বনা পাওয়া প্রয়োজন হবে। আমরা ঈশ্বরকে দেখতে পাই না কারণ তিনি আত্মা, কিন্তু আমরা দৃঢ়ভাবে তাঁকে বিশ্বাস করি। আমরা সাধারণত: স্বর্গদূতদের দেখতে পাই না, কিন্তু ঈশ্বরের বাক্য বলে তারা আমাদের চতুর্দিকে আছে এবং আমাদের রক্ষা করছে।

ঈশ্বরের উপর এবং তাঁর বাক্যে আমাদের বিশ্বাস করার দ্বারা, আমরা আত্মিক ক্ষেত্রে পৌঁছতে পারি এবং সে সব বিষয় টেনে আনতে পারি যা ঈশ্বর চান আমরা উপভোগ করি কিন্তু এখনও তা বাস্তবে হয় নি।

আমাদের মনোযোগ পরিস্থিতির দিকে আহ্বান করে এবং ভবিষ্যতের জন্য আমাদের ভয় দেখাবার চেষ্টা করে শয়তান আনন্দ পায়। অন্যদিকে, ঈশ্বর চান যেন আমরা তাঁর উপর নির্ভর করি, বিশ্বাস করি যে দিয়াবল থেকে যে কোন পরিস্থিতি বা হুমকির চেয়ে তিনি মহান।

বাইবেল পুরুষ ও মহিলাদের মহৎ উদাহরণ দিয়ে পূর্ণ যারা নিজেদের সাংঘাতিক পরিস্থিতির মধ্যে খুঁজে পেয়েছিলেন এবং তার ফল ছিল তাদের হৃদয় ভয় দিয়ে পূর্ণ হয়েছিল। কিন্তু তারা ঈশ্বরের উপর তাদের বিশ্বাস রাখতে সিদ্ধান্ত নিয়েছিলেন, এবং তারা গৌরবময় মুক্তির অভিজ্ঞতা অর্জন করেছিলেন। আপনাকে অবশ্যই সিদ্ধান্ত নিতে হবে আপনি ভয়ে জীবনযাপন করবেন না বিশ্বাসে করবেন। এমন কি যদিও আপনি এখন খ্রীষ্টান হয়েছেন, তথাপি এখনও আপনি সব রকমের ভয়ের দ্বারা অত্যাচারিত হয়ে আপনার জীবন কাটাতে পারেন যদি না আপনি বিশ্বাসে জীবন কাটানোর সিদ্ধান্ত নেন। আপনি বিশ্বাসের দ্বারা যীশুকে পরিত্রাতা হিসাবে গ্রহণ করেছিলেন: পরবর্তী পদক্ষেপ বিশ্বাসে জীবন কাটানো শেখা।

> ঈশ্বর কেমন করে মানুষকে নির্দোষ বলে গ্রহণ করেন সেই কথা এই সুখবরের মধ্যে প্রকাশ করা হয়েছে। প্রথম থেকে শেষ পর্য্যন্ত কেবল বিশ্বাসের (বিশ্বাসের পথের মাধ্যমে প্রকাশ করা হয়েছিল যা আরও বিশ্বাস জাগিয়ে তোলে) মধ্যে দিয়েই মানুষকে নির্দোষ বলে গ্রহণ করা হয়। পবিত্র শাস্ত্রে লেখা আছে, যাকে নির্দোষ বলে গ্রহণ করা হয় সে বিশ্বাসের মধ্যে দিয়েই জীবন পাবে। –রোমীয় ১:১৭

আমরা যখন ঈশ্বরের ভালবাসা বুঝতে পারি এবং জানি যে যীশুর মৃত্যু ও পুনরুত্থানের মাধ্যমে ঈশ্বরের সাথে আমাদের সম্পর্ক ঠিক করা হয়েছে, তখন আমরা

খুঁজে পাই বিশ্বাসে চলা সহজ। আমাদের জন্য অবশ্যই আমাদেরই চিন্তা করতে হবে এই অনুভূতির চেয়ে বরং আমাদের জন্য চিন্তা করতে আমরা ঈশ্বরের উপর নির্ভর করতে শুরু করি।

সাহস ভয়ের অনুপস্থিতি নয়, কিন্তু তা তার উপস্থিতিতে কর্মপ্রক্রিয়া গ্রহণ করা। ঈশ্বর যখন তাঁর দাসদের ভয় করতে না করেছিলেন, তখন তিনি তাদের ভয়ের অনুভূতি না করতে আদেশ দিচ্ছিলেন না, কিন্তু তিনি তাদের তাঁর প্রতি বাধ্য হতে বলেছিলেন তা তারা যেমনই অনুভব করুক না কেন তাতে কিছু এসে যায় না। ঈশ্বর জানেন যে ভয়ের আত্মা সর্বদা তাঁর সাথে আমাদের চলায় উন্নতি করার থেকে সরিয়ে রাখতে চেষ্টা করবে। সে কারণেই তিনি তাঁর বাক্যে বার বার করে আমাদের বলেছেন যে তিনি সব সময় আমাদের সঙ্গে আছেন, আর সে কারণে আমাদের ভয়ের কাছে মাথা নত করতে হবে না।

এলিয়েনর রুশভেল্ট বলেছেন, ‘‘প্রতিটি অভিজ্ঞতার দ্বারা আপনি শক্তি, সাহস এবং নির্ভরতা লাভ করেন যেখানে আপনি প্রকৃতই ভয়ের সম্মুখীন হতে থামেন। আপনার সেই জিনিসটি করা আবশ্যক যা আপনি মনে করেন আপনি পারেন না।’’

> তোমরা শক্ত হও ও মনে সাহস আন। তাদের দেখে তোমরা ভয় পেয়ো না কিম্বা কেঁপে উঠো না, কারণ তোমাদের ঈশ্বর সদাপ্রভুই তোমাদের সঙ্গে যাবেন। তিনি কখনও তোমাদের ছেড়ে যাবেন না বা ত্যাগ করবেন না।
>
> – দ্বিতীয় বিবরণ ৩১:৬

কেবলমাত্র বিশ্বাস ঈশ্বরকে সন্তুষ্ট করে। আমরা বিশ্বাসের মাধ্যমে ঈশ্বর থেকে গ্রহণ করি। কাজেই, খ্রীষ্টে নতুন বিশ্বাসীদের জন্য এটা চরম গুরুত্বপূর্ণ যে বিশ্বাস সম্পর্কে শেখে এবং বিশ্বাসে চলতে শুরু করে। দৃঢ় বিশ্বাস উন্নতি করা ঠিক দৃঢ় শক্তিশালী মাংসপেশী বৃদ্ধি করার মত। আপনি অল্প অল্প করে আপনার বিশ্বাস অনুশীলন করুন, এবং প্রতি সময় যখন আপনি তা করেন আপনি আরও শক্তিশালী হন।

মথি ১৭:২০ পদ আমাদের শিক্ষা দেয় যে যারা বিশ্বাস করে তাদের জন্য সকলই সম্ভব। এমনকি সামান্য বিশ্বাসও আমাদের জীবনে বিপদের পাহাড় সরাতে পারে।

আপনি সম্ভবত আপনার সমস্ত সমস্যাগুলি সমাধান করার চেষ্টা করতে আপনার জীবন কাটিয়েছেন এবং প্রায় সময় হতাশা এবং নিরাশা অনুভব করেছেন। যদি তাই হয়, তবে আপনি এক নতুন অভিজ্ঞতার কিনারে এসেছেন। এখন আপনি ঈশ্বরের সাথে কথা বলতে পারেন (প্রার্থনা) এবং আপনার যা চিন্তা হয় তার প্রত্যেকটিতে নিয়োজিত হওয়ার জন্য তাঁকে আমন্ত্রণ জানান, আর আপনি দেখবেন যে মানুষের পক্ষে যা অসম্ভব ঈশ্বরের পক্ষে তা সম্ভব।

আপনার বিশ্বাস অনুযায়ী আপনার প্রতি করা হবে (মথি ৯:২৯)। আপনি হয়ত আপনার জীবনের বেশীরভাগ সময় ভয়ে যাপন করেছেন, কিন্তু এখন সেই সময় যখন সেই ভয় ঈশ্বরে বিশ্বাসের সাথে পরিবর্তন করবেন। নতুন উপায়টি শিখতে কিছু সময় লাগবে, কিন্তু হতাশ হবেন না এবং ছেড়ে দেবেন না। পৃথিবীতে প্রত্যেকটি জিনিস ক্রমানুগতিক বৃদ্ধির সূত্র অনুযায়ী কাজ করে। অল্প অল্প করে প্রত্যেকটি জিনিস পরিবর্তিত হয় যদি আমরা ঈশ্বর আমাদের যা করতে বলেছেন তা করতেই থাকি।

## ৯ম অধ্যায়

# জীবন উপভোগ করুন

চোর কেবল চুরি, খুন ও নষ্ট করবার উদ্দেশ্য নিয়েই আসে। আমি এসেছি যেন তারা জীবন পায়, আর সেই জীবন যেন পরিপূর্ণ হয় (একেবারে ভর্তি, যতক্ষণ তা উপচে পড়ে)। – যোহন ১০:১০

যীশু মারা গিয়েছিলেন যেন আপনি আপনার জীবন উপভোগ করতে পারেন। তার অর্থ এই নয় যে ঠিক আপনি যেমন চান তেমন আপনি প্রতিটি জিনিস পাবেন এবং কখনও কোন অসুবিধা হবে না। এর অর্থ এই যে ঈশ্বরের সাথে আপনার সম্পর্কের মাধ্যমে, আপনি জগতের দুর্দশার উপরে উঠতে পারেন এবং পবিত্র আত্মার শক্তির মাধ্যমে ঈশ্বরের দ্বারা, ঈশ্বরের সাথে, এবং ঈশ্বরের জন্য এক পুনরুত্থিত জীবন ভাগ করে নিতে পারেন।

ঈশ্বর আমাদের প্রকৃত জীবন। তাঁর মধ্যে আমরা বাস করি ও চলি এবং আমাদের অস্তিত্ব আছে। ঈশ্বরকে উপভোগ করতে শেখা আপনাকে আপনার জীবনের প্রতিটি দিন উপভোগ করতে মুক্ত করবে। তাঁর সাথে সহভাগিতা উপভোগ করুন। যে সব বিষয়ে আপনার চিন্তা আছে তার প্রতিটি বিষয়ে ঈশ্বর চিন্তা করেন, এবং বাইবেল প্রকৃতই বলে যে আপনি যা চিন্তা করেন ঈশ্বর তা সিদ্ধ করবেন। তিনি সব সময় আপনার জীবনে কাজ করছেন, আপনাকে তাঁর ইচ্ছার মধ্যে আরও সম্পূর্ণরূপে আনছেন।

ভুল উপায়ে ঈশ্বরকে ভয় পাবেন না। আমাদের সম্মানজনক ঈশ্বরের ভয় থাকা উচিত, যার অর্থ তাঁকে আমাদের সম্মান করা উচিত এবং জানা উচিত যে তিনি সর্বশক্তিমান এবং তিনি যা বলেন তা বলেন। কিন্তু আমাদের কখনও ভয় পাওয়া উচিত নয় এই ভেবে যে প্রত্যেক সময় যখন আমরা ভুল করি ঈশ্বর তখন রাগ করেন এবং প্রত্যেক সময় ঈশ্বর দয়াময় এবং ধীরে রাগ করেন। তিনি ধৈর্য্যশীল, এবং তিনি আমাদের কাঠামো জানেন এবং আমাদের দুর্বলতা ও অক্ষমতা বোঝেন।

আপনি যদি বাকী আমাদের মত হন, তবে আপনার জীবনে অনেক বিষয় এবং ব্যক্তিত্ব যার পরিবর্তনের প্রয়োজন-আর ঈশ্বর সেগুলি পরিবর্তন করবেন। কিন্তু শুভ সংবাদ এই যে আপনি ঈশ্বরকে উপভোগ করতে পারেন এবং যখন তিনি তা করছেন তখন আপনার জীবন উপভোগ করুন।

এখন এই মুহূর্তে আপনার যে জীবন আছে হয়ত তা নিয়ে আপনি শেষ করতে চান না, কিন্তু এটাই একমাত্র একটি জীবন এ সময় এখন আপনার কাছে আছে, কাজেই আপনার তা উপভোগ করতে শুরু করা দরকার। এর মধ্যে ভাল জিনিসগুলি খুঁজে বের করুন। হাঁ-বাচকটিতে জোর দিন এবং প্রতিটি জিনিসের মধ্যে ভালটা দেখতে শিখুন। আপনার পরিবার ও বন্ধুবান্ধবদের উপভোগ করুন। তাদের সরিয়ে রাখবেন না এবং তাদের পরিবর্তন করতে ব্যস্ত থাকার চেষ্টা করবেন না। তাদের জন্য প্রার্থনা করুন এবং ঈশ্বরকে পরিবর্তন করতে দিন।

আপনার কাজ উপভোগ করুন, আপনার বাড়ী উপভোগ করুন, এবং সাধারণ, দৈনন্দিন জীবন উপভোগ করুন। এটা সম্ভব যদি আপনি ঈশ্বরে নির্ভর করেন এবং ভাল মনোভাব রাখতে সিদ্ধান্ত নেন। আপনার দৃষ্টি ঈশ্বরের উপর স্থির রাখুন এবং আপনার সাথে, আপনার জীবন, আপনার পরিবার, এবং জগতের সাথে যে ভুল আছে তার প্রত্যেকটির উপরে নয়। আপনার জন্য ঈশ্বরের একটি ভাল পরিকল্পনা আছে এবং এরই মধ্যে তিনি কাজ করতে শুরু করেছেন। আগামী দিনেতে যে ভাল বিষয় আসছে তার দিকে তাকিয়ে আপনি সময়ের আগে থেকেই আনন্দ করতে পারেন।

বেশীরভাগ মানুষ এমনভাবে জীবন কাটায় যে তারা বিশ্বাস করে যতক্ষণ তাদের কোন রকমের সমস্যা থাকে তারা তাদের জীবন উপভোগ করতে পারে না, কিন্তু তা একেবারে ভুল চিন্তা। আপনার ভুল বা দুঃখ নিয়ে চিন্তা করবেন না। যীশু খ্রীষ্টের মাধ্যমে যে দারুন নতুন ভবিষ্যত আছে সে বিষয়ে চিন্তা করতে থাকুন। আপনি যা কিছু উপভোগ করতে সিদ্ধান্ত নেন তা আপনি উপভোগ করতে পারেন। আপনি যানজটে বসে থেকেও উপভোগ করতে পারেন যদি আপনি তা সিদ্ধান্ত নেন। মনে রাখবেন আমি আপনাদের জীবনধারণের এক নতুন উপায় শিক্ষা দিচ্ছি, এবং জীবনের প্রতি আপনার মনোভাবের এক বিরাট অংশ রয়েছে।

শেষ পর্য্যন্ত আমি যেখানে থাকি সেখানেই উপভোগ করতে শিখেছি যখন আমি যেখানে যাচ্ছি সেই পথে থাকি, এবং আমি দৃঢ়ভাবে অনুরোধ করছি আপনারাও একই জিনিস করুন। আপনার জীবনে ঈশ্বরের এখনও অনেক কিছু করার আছে, এবং যখন তিনি তা করেন তিনি চান না যে আপনি দুঃখিত হন। শিশুদের যেমন প্রাপ্তবয়স্ক হয়ে বৃদ্ধি পাওয়া আবশ্যক, তেমনি খ্রীষ্টানদেরও বৃদ্ধি পাওয়া আবশ্যক। এটা একটা পদ্ধতি যা আমরা যা চাই তার চেয়ে প্রায়ই বেশী সময় নেয়, কিন্তু যাত্রাটি উপভোগ না করার কোন কারণ নেই।

ঈশ্বর আশা করেন যে আপনি আজই নিখুঁত হন। আসলে, তিনি ইতিমধ্যে জানেন যে আপনি যতদিন এখানে পৃথিবীতে থাকবেন ততদিন আপনি সম্পূর্ণরূপে কখনও নিখুঁত হবেন না। যাইহোক, তিনি আশা করেন আমরা প্রত্যেকে যেন এগিয়ে যাই। আমাদের প্রতিদিন উঠে ঈশ্বরের পরিচর্য্যা করতে যতটা ভাল সম্ভব তা বিশ্বস্তসহকারে করতে হবে। আমাদের ব্যর্থতাগুলি আমাদের স্বীকার করা উচিত এবং আমাদের পাপের জন্য ক্ষমা চাওয়া উচিত, তা থেকে ফিরে আসতে ইচ্ছুক হওয়া দরকার। আমরা যদি তা করি, ঈশ্বর বাকীটা করবেন। তিনি তাঁর পবিত্র আত্মার মাধ্যমে আমাদের সাথে কাজ করতে থাকবেন। তিনি আমাদের শিক্ষা দিবেন, আমাদের পরিবর্তন করবেন, এবং আমাদের ব্যবহার করবেন। আপনি এক নতুন উপায়ে জীবন কাটাতে বেরিয়ে এসেছেন, এবং আমি বিশ্বাস করি আপনি কখনও দুঃখিত হবেন না। ঈশ্বরকে উপভোগ করুন, নিজেকে উপভোগ করুন, এবং আপনাকে যে জীবন দিতে যীশু মরেছিলেন তা উপভোগ করুন!

# পরিত্রাণের এক প্রার্থনা

*পিতা ঈশ্বর, আমি তোমাকে ভালবাসি। আমি আজ বিশ্বাসে তোমার কাছে এসেছি আমার পাপ ক্ষমা করে দিতে তোমাকে বলতে। যীশু, আমি তোমাকে বিশ্বাস করি, আমি বিশ্বাস করি আমার জন্য তুমি ক্রুশে মরেছিলে, আমার জন্য তোমার বহুমূল্য রক্ত বইয়েছিলে, তুমি আমার স্থান এবং যে সব শাস্তি আমি পাওয়ার যোগ্য ছিলাম তা নিয়েছিলে। আমি বিশ্বাস করি তুমি মরেছিলে এবং কবরপ্রাপ্ত হয়েছিলে এবং তৃতীয় দিনে মৃত্যু থেকে জীবিত হয়ে উঠেছিলে। মৃত্যু তোমাকে ধরে রাখতে পারে নি। তুমি শয়তানকে পরাজিত করেছ এবং তার কাছ থেকে মৃত্যু ও পাতালের চাবি নিয়ে নিয়েছ। আমি বিশ্বাস করি এ সমস্তই তুমি আমার জন্য করেছিলে কারণ তুমি আমাকে ভালেবাস। আমি একজন খ্রীষ্টীয় বিশ্বাসী হতে চাই। আমি আমার সারাজীবন ধরে তোমার পরিচর্য্যা করতে চাই। আমি শিখতে চাই কিভাবে নতুন জীবন যাপন করব যা তুমি আমাকে দেবে বলে প্রতিজ্ঞা করেছ। যীশু, আমি এখন তোমাকে গ্রহণ করি, এবং আমি নিজেকে তোমার কাছে সমর্পণ করি। আমি যেমন তেমনই তুমি আমাকে গ্রহণ কর, এবং তুমি যেমন চাও আমাকে তেমন তৈরী কর।*

*যীশু, আমাকে পরিত্রাণ দেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ দিই। তোমার পবিত্র আত্মা দিয়ে আমাকে পূর্ণ কর এবং আমার যা জানা দরকার তা প্রত্যেকটি আমাকে শিখাও। এখন, আমি বিশ্বাস করি যে আমি পরিত্রাণ পেয়েছি, আমি নতুন জন্ম পেয়েছি, এবং আমি যখন মারা যাব আমি স্বর্গে যাব। পিতা ঈশ্বর, আমি আমার যাত্রা উপভোগ করতে যাচ্ছি এবং তোমার গৌরবের জন্য জীবন কাটাব!*

# ব্যবহার্য্য সংস্থানের জন্য সুপারিশ

আমার অনেক ব্যবহার্য্য সংস্থান আছে যা আপনাকে নতুন জীবনে শিক্ষা লাভ করতে এবং বৃদ্ধি পেতে সাহায্য করবে। আপনি ব্যবহার্য্য সংস্থানের তালিকার জন্য অনুরোধ করলে আপনাকে বিনা- মূল্যে একটি পাঠানো হবে। আমার আরও পরামর্শ যেন আপনি আমাদের মাসিক পত্রিকার জন্য অনুরোধ করেন, যেটি আপনাকে কয়েক মাসের জন্য বিনামূল্যে পাঠানো হবে।

আমি আমার বই *ব্যাটেলফিল্ড অফ্ দি মাইন্ড* এবং *হাউ টু সাকসিড এ্যাট বিং ইওরসেল্ফ* ভীষণ ভাবে সুপারিশ করছি। আমি *দি ওয়ার্ড, দি নেম, দি ব্লাড* এই বইটি সুপারিশ করছি কারণ এটি আপনার জীবনে একটি ভাল দৃঢ় ভিত্তি স্থাপন করবে। আপনি উপলব্ধি করবেন যীশু আপনার জন্য ক্রুশে যা করেছেন, এবং এখন আপনি তাঁর বিশ্বাসী হওয়ায় আপনার কাছে যে ক্ষমতা আছে।

*প্রেসিং ইন এ্যান্ড প্রেসিং আউট* এক ভাল শিক্ষণীয় অনুক্রম যেটি ক্যাসেট অথবা সিডিতে পাওয়া যায় এবং *দি মাউথ* একটি অনুক্রম যেটি আপনাকে আপনার কথার ক্ষমতার বিষয় শিখতে সাহায্য করবে।

আমরা যদি আপনাকে অন্য বিষয় সাহায্য করতে পারি, নিশ্চয় আমাদের অফিসের সঙ্গে যোগাযোগ করবেন, এবং মনে রাখবেন, ঈশ্বর আপনাকে ভালবাসেন এবং আমরাও ভালবাসি ! !

# লেখিকার বিষয়


জয়েস মায়ার একজন পৃথিবীর অন্যতম বাস্তব সম্মত বাইবেল শিক্ষিকা। তিনি *নিউ ইয়র্ক টাইমস্-এর ১ নম্বর* সব থেকে বিক্রিত বইয়ের লেখিকা, যিনি ৮০টিরও বেশি অনুপ্রেরণামূলক বই লিখেছেন, যার মধ্যে আছে *হানড্রেড ওয়েস্ টু সিম্পলিফাই ইওর লাইফ্, নেভার গিভ আপ!,* ব্যাটেলফিল্ড অফ্ দি মাইন্ড পারিবারিক সমগ্র বই, এবং দুইটি উপন্যাস, *দি পেনি* এবং *এনি মিনিট্* , ও আরও অনেক। তাঁর হাজারের উপর অডিওতে শিক্ষা এবং সম্পূর্ণ ভিডিও সঙ্কলন আছে। জয়েসের এনজয়িং এভরিডে লাইফ্® রেডিও এবং টেলিভিশন অনুষ্ঠান সারা পৃথিবী জুড়ে সম্প্রচারিত হচ্ছে, এবং সম্মেলন পরিচালনা করার জন্য তিনি প্রচুর ভ্রমণ করেন। জয়েস ও তাঁর স্বামী, ডেভ, চারজন সাবালক ছেলেমেয়ের পিতামাতা এবং তাঁরা মিসৌরী, সেন্ট লুইস-এ তাদের বাড়ি করে আছেন।

*আপনার সাক্ষ্য বা এই বই থেকে যে সাহায্য পেয়েছেন তা আপনি লিখবার সময় দয়া করে যোগ করবেন। আপনার প্রার্থনার অনুরোধও জানাবেন।*

To contact the author in the United States, please write:
Joyce Meyer Ministries
P.O. Box 655,
Fenton, Missouri 63026
or call: (636) 349-0303
or log on to: www.joycemeyer.org

To contact the author in India, please write:
Joyce Meyer Ministries
Nanakramguda,
Hyderabad - 500 008
or call: 2300 6777
or log on to: www.jmmindia.org

# আপনি আপনার অনন্তকাল কোথায় কাটাবেন?



আজ অথবা সম্ভবত: আগামী কয়েক মাস পর্য্যন্ত কি ঘটনা ঘটবে কেবলমাত্র সে বিষয় নিয়েই অনেক লোক চিন্তিত হয়। সবচেয়ে বেশী, তারা হয়ত অবসর গ্রহনের পর কি ঘটবে তা নিয়ে চিন্তিত হতে পারে। কিন্তু মৃত্যুর পরের জীবনটি কি হবে? আপনি কি তার জন্য প্রস্তুত?

যদিও কোন একদিন আপনার শারিরীক দেহের মৃত্যু হবে, আপনার আত্মা অনন্তজীবন ধরে বাস করতে থাকবে। আপনার আত্মা স্বর্গে বাস করবে না নরকে বাস করবে তা আপনি যা মনোনয়ন করেছেন তার উপর নির্ভর করবে। এই বইটিতে সবচেয়ে বেশী বিক্রীত বইয়ের লেখিকা জয়েস মায়ার পরিত্রাণের জন্য ঈশ্বরের পরিকল্পনার রূপরেখা টেনেছেন যেন আপনি ঠিক সিদ্ধান্ত নিতে পারেন।

## ভালবাসা এবং ধৈর্য্যসহকারে, তিনি আপনাকে শেখান:

- গল্প - এবং যীশুর গুরুত্ব
- কিভাবে বিশ্বাস অন্তরে ঘটে, মনের মধ্যে নয়
- খ্রীষ্টকে গ্রহণ করতে আপনার কি বিশ্বাস করা আবশ্যক
- আপনার নতুন জীবন কিভাবে শুরু করবেন

আর ফেলে রাখবেন না। জীবনধারণের এক নতুন উপায়-আবিষ্কার করতে আপনার জন্য এখনই সময়!

JOYCE MEYER MINISTRIES® | Nanakramguda, Hyderabad - 500 008